দেশসেরা স্কুলের নির্বাচনি পরীক্ষার প্রশ্ন

# বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

মডেল টেস্ট- ০১

## ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

সময় : ৩০ মিনিট | বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা | মান : ৩০

[**দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

**১. পূর্ববঙ্গো মানুষের খুব প্রিয় খাবার ছিল–**
K ভাত ও মাছ L মাংস ও সবজি M ইলিশ মাছ ও শুঁটকি N মাংস ও দুধ

**২. রোম নগরীর প্রতিষ্ঠাতা কে?**
K আলেকজান্ডার L নেপোলিয়ন M রোমিউলাস N হারকিউলিস

**৩. রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক ইতিহাস ইতিহাসের কোন কোন দিককে বোঝায়?**
K জাতীয় L উপাদানগত M অবস্থানগত N বিষয়বস্তুগত

**৪. প্রাচীন বাংলার প্রচলিত উৎসব ছিল–**
i. জন্মাষ্টমী ii. দশহরা iii. ভ্রাতৃদ্বিতীয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M i ও iii N i, ii ও iii

**৫. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইন কোনটি?**
K গণতন্ত্র L সংবিধান M সমাজতন্ত্র N জাতীয়তাবাদ

**৬. বাংলার প্রাচীন জনপদ হলো–**
i. পুন্ড্রবর্ধন ii. গৌড় iii. বঙ্গ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
চীনের বড়ো একটি শহর উহানে করোনা ভাইরাসের আক্রমণ হলে চীনা সরকার স্বাস্থ্য সুরক্ষা কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য শহরটিকে ভেঙে দুটি অঞ্চলে বিভক্ত করে সেবা প্রদান করে।

**৭. চীনা সরকারের কার্যক্রমের মধ্যে ব্রিটিশ ভারতের কোন ঐতিহাসিক ঘটনার চিত্র ফুটে উঠেছে?**
K খিলাফত আন্দোলন L বঙ্গভঙ্গ
M বেঙ্গল প্যাক্ট N ভারত শাসন আইন

**৮. উক্ত ঘটনার ফলে–**
i. হিন্দু-মুসলিম ঐক্য সুদৃঢ় হয় ii. সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হয়
iii. রাজনৈতিক বিভিন্ন মতবিরোধ দেখা দেয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. ভাষা আন্দোলন কত সালে চূড়ান্ত রূপ লাভ করে?**
K ১৯৪৭ L ১৯৪৮ M ১৯৪৯ N ১৯৫২

**১০. ইউসুফ-জুলেখা গ্রন্থের রচয়িতা কে?**
K মোবারক শাহ L ফররুখ আহমদ M আল মাহমুদ N শাহ মুহম্মদ সগীর

**১১. কত সালে পূর্ব-বাংলার নাম পূর্ব পাকিস্তান হয়?**
K ১৯৫৬ L ১৯৫২ M ১৯৫১ N ১৯৪৭

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
তনিমা বঞ্চিত নারীদের নিয়ে কাজ করেন। তিনি একজন লেখক ও গবেষক। তিনি নারীদের জন্য শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করেছেন। বঞ্চিত নারীদের জন্য বইও লিখেছেন।

**১২. তনিমার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন মহীয়সী নারীর মিল আছে?**
K ফয়জুন্নেসা L মনুজান M সুফিয়া কামাল N বেগম রোকেয়া

**১৩. উক্ত নারীর কর্মকাণ্ডের ফলে–**
i. নারীদের সচেতনতা বাড়ে ii. কুসংস্কার দূরীভূত হয় iii. নারী শিক্ষার সম্প্রসার ঘটে
**নিচের কোনটি সঠিক?**
K ii ও iii L i ও ii M i ও iii N i, ii ও iii

**১৪. বাংলা চুক্তি কী নামে খ্যাত?**
K সি.আর. দাস ফর্মুলা L মহাত্মা গান্ধী ফর্মুলা
M সোহরাওয়ার্দী ফর্মুলা N মতিলাল নেহেরু ফর্মুলা

**১৫. ব্রিটিশ বিরোধী আন্দোলনের কেন্দ্র কোথায় ছিল?**
K করাচি L লাহোর M কলকাতা N ঢাকা

**১৬. বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি কোনটি?**
K অসাম্প্রদায়িক চেতনা L গণতন্ত্র
M জাতীয়তাবোধ N সাম্প্রদায়িক চেতনা

**১৭. বাংলা ভাষার প্রসঙ্গটি প্রথম উত্থাপন করেন কে?**
K এ কে ফজলুল হক L মাওলানা ভাসানী
M আবুল মনসুর আহমদ N ধীরেন্দ্রনাথ দত্ত

**১৮. মুক্তিযুদ্ধ সুষ্ঠুভাবে পরিচালনা করেন কারা?**
K অস্থায়ী সরকার L আল-বদর M আল-শামস N শান্তি কমিটি

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০নম্বর প্রশ্নের উত্তর দাও :**
'ব' নামক রাষ্ট্রের প্রধানমন্ত্রী নির্বাচিত হয় জনগণের ভোটে। প্রাপ্তবয়স্করা সকলেই নির্বাচনে অংশ নিতে পারে।

**১৯. 'ব' নামক রাষ্ট্রে কোন ধরনের সরকার বিরাজমান?**
K সমাজতন্ত্র L গণতন্ত্র M একনায়কতন্ত্র N স্বৈরতন্ত্র

**২০. উক্ত সরকার ব্যবস্থার ফলে নিশ্চিত হয়–**
i. জনগণের মৌলিক মানবাধিকার
ii. স্বাধীনভাবে বেঁচে থাকার নিশ্চয়তা থাকে, স্বাধীনতার নিশ্চয়তা থাকে
iii. প্রশাসনে জনগণের কার্যকর অংশগ্রহণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
'মনা' ময়নামতি জাদুঘরে গিয়ে মুদ্রা, শিলালিপি, স্তম্ভলিপি, ইমারত ইত্যাদি দেখতে পায়।

**২১. মনা ময়নামতি জাদুঘরে ইতিহাসের কোন ধরনের উপাদান দেখতে পেয়েছে?**
K অলিখিত L লিখিত M ঐতিহাসিক N কোনোটি নয়

**২২. উক্ত উপাদানগুলো থেকে সে জানতে পারে প্রাচীন বাংলার–**
i. সামাজিক ইতিহাস ii. রাজনৈতিক ইতিহাস iii. সাংস্কৃতিক ইতিহাস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. কোন আইনের ভিত্তিতে ভারতে ব্রিটিশ শাসনের অবসান হয়?**
K সংস্কার আইন L রাওলাট আইন M ভারত স্বাধীনতা আইন N অর্ডিন্যান্স আইন

**২৪. জাতিসংঘ কত সালে বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করেছে?**
K ১৯৭১ L ১৯৭২ M ১৯৭৩ N ১৯৭৪

**২৫. আগরতলা ভারতের কোন রাজ্যের রাজধানী?**
K পশ্চিমবঙ্গ L আসাম M মেঘালয় N ত্রিপুরা

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
'ক' পৌরসভার মেয়র। তার এলাকায় উন্নত ড্রেনের ব্যবস্থা, রাস্তার মোড়ে মোড়ে সোডিয়াম বাতি, নলকূপ নির্মাণ করেন। এছাড়াও নগরের রাস্তাঘাট পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য ব্যবস্থা নেন।

**২৬. উদ্দীপকের 'ক' পৌরসভার নগর পরিকল্পনার সাথে কোন সভ্যতার নগর পরিকল্পনার মিল পাওয়া যায়?**
K সিন্ধু L মিশরীয় M গ্রিক N রোমান

**২৭. উক্ত সভ্যতাটি গুরুত্বপূর্ণ সভ্যতা। কারণ এর অধিবাসীরা জানতো–**
i. পরিমাপ পদ্ধতি ii. স্থাপত্য ও ভাস্কর্য শিল্পে দক্ষ iii. নগর পরিকল্পনা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও ii N i, ii ও iii

**২৮. চিরস্থায়ী বন্দোবস্তের ফলে কাদের স্বার্থ সুরক্ষিত হয়?**
K কৃষকদের L শ্রমিকদের M ব্যবসায়ীদের N জমিদারদের

**২৯. ইতিহাসের প্রত্নতাত্ত্বিক উপাদান কোনটি?**
K সাহিত্য L নথিপত্র M জীবনী N ইমারত

**৩০. বাংলায় প্রকৃত স্বাধীনতা কে প্রতিষ্ঠা করেন?**
K ফখরুদ্দিন L গাজী শাহ M ইলিয়াস শাহ N বাহাদুর শাহ

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 1 | | 2 | | 3 | | 4 | | 5 | | 6 | | 7 | | 8 | | 9 | | 10 | | 11 | | 12 | | 13 | | 14 | | 15 | |
| | 16 | | 17 | | 18 | | 19 | | 20 | | 21 | | 22 | | 23 | | 24 | | 25 | | 26 | | 27 | | 28 | | 29 | | 30 | |

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : সৃজনশীল প্রশ্ন** মান : ৭০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ইতিহাসের শিক্ষক জাহিদুল ইসলাম তার ছাত্রদের পাল সাম্রাজ্যের হারানো গৌরব ফিরিয়ে আনতে কী পদক্ষেপ গ্রহণ করেছিলেন, তা চিহ্নিত করে তালিকা তৈরির নির্দেশ দিলে একদল ছাত্র নিম্নোক্ত তালিকাটি প্রস্তুত করে।

* বরেন্দ্র পুনরুদ্ধারে সচেষ্ট হওয়া।
* রামাবতী নামে নতুন রাজধানী স্থাপন করা।
* বিনামূল্যে প্রজাসাধারণের খাবারের ব্যবস্থা করা।

ক. প্রাচীন বাংলার প্রথম সার্বভৌম নরপতি কে? ১
খ. ধর্মপালকে পাল বংশের সর্বশ্রেষ্ঠ রাজা বলা হয় কেন? ২
গ. জাহিদ স্যারের ছাত্রদের প্রস্তুতকৃত তালিকাটি রামপালের গৃহীত পদক্ষেপসমূহের সাথে কতটুকু সামঞ্জস্যপূর্ণ ব্যাখ্যা করো। ৩
ঘ. ছাত্রদের তালিকায় রামপালের পদক্ষেপসমূহের অসমপূর্ণতা প্রকাশ পায়– বিশ্লেষণ করো। ৪

২. নিচের ছবিটি লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।



ক. কোন জনপদ থেকে বাঙালি জাতির উদ্ভব ঘটেছিল? ১
খ. বাঙালির চরিত্র গঠনে ঋতুবৈচিত্র্যের ভূমিকা কতটুকু? ২
গ. উপরের ছবিটি প্রাচীন বাংলার কোন জনপদের পরিচয় বহন করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "প্রাচীন বাংলার অন্য আরেকটি জনপদ উক্ত জনপদের অংশ ছিল"– উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৩. প্রাচীন বাংলার মুসলমান সুলতানদের রাজধানী ছিল সোনারগাঁ। সে সময় সুতা ব্যবসায়ের কেন্দ্র হিসেবে পানাম নগর গড়ে ওঠে। পানাম নগরের নিরাপত্তার জন্য নগরের চারদিকে পরিখা খনন করা হয়। এর ফলে পানাম নগরের নিরাপত্তা যেমন নিশ্চিত হয়, তেমনি ব্যবসা বাণিজ্যের কেন্দ্র হিসেবেও সুপরিচিতি লাভ করে। সুলতানগণ এলাকার উন্নয়নে রাস্তাঘাট, পুল, কালভার্ট ইত্যাদি নির্মাণ করেন।

ক. সুবা কী? ১
খ. বারোভূঁইয়া বলতে কাদেরকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো। ২
গ. পানাম নগরের নিরাপত্তা ব্যবস্থায় কোন তুর্কি শাসকের কর্মকাণ্ডের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত শাসকই ছিলেন খলজি মালিকদের মধ্যে সর্বশ্রেষ্ঠ– উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৪. নিচের ছকটি লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও-

| | |
|---|---|
| ১ | ১৯৭০- পাকিস্তানের প্রাদেশিক ও জাতীয় পরিষদের নির্বাচন |
| ২ | ৭ মার্চ, ১৯৭১-বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ |
| ৩ | ১০ এপ্রিল, ১৯৭১- মুজিবনগর সরকার গঠন |
| ৪ | ১৬ ডিসেম্বর, ১৯৭১- মুক্তিযুদ্ধে বিজয় অর্জন |

ক. বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকার রূপকার কে? ১
খ. জাতীয় স্মৃতিসৌধ নির্মিত হয় কেন? ২
গ. বাংলাদেশের মুক্তিযুদ্ধ সংঘটনে উদ্দীপকের ১নং ও ২নং ঘটনার ভূমিকা কতটুকু? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ৩নং ছাড়া ৪নং অর্জন কখনোই সম্ভব ছিল না- মতামত দাও। ৪

৫. দৃশ্যপট-১ : ফাহাদ তার মুক্তিযোদ্ধা বাবার সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলগুলো দেখতে যায়। বাবা তাকে মুক্তিযুদ্ধের ভয়াবহ ঘটনা বর্ণনা করতে গিয়ে অঝোরে কেঁদে ফেলেন।

দৃশ্যপট-২: অপূর্ব তার বন্ধুর বাড়ি কুষ্টিয়া বেড়াতে গিয়ে মেহেরপুরের ঐতিহাসিক স্থানটি ঘুরে আসে।

ক. মুক্তিযুদ্ধের মূল নিয়ামক শক্তি কী ছিল? ১
খ. মুক্তিযুদ্ধে নারীদের ভূমিকা নিরূপণ করো। ২
গ. দৃশ্যপট-১ ইতিহাসের কোন ঘটনার কথা মনে করিয়ে দেয়? ব্যাখ্যা দাও। ৩
ঘ. দৃশ্যপট-২ এ অপূর্বর দেখা ঐতিহাসিক স্থানটির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৬. গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শোনালেন তাঁর অমর কবিতাখানি :

"এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম-
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম"
সেই থেকে স্বাধীনতা শব্দটি আমাদের।"


ক. বঙ্গবন্ধু কবে স্বদেশ প্রত্যাবর্তন করেন? ১
খ. 'অপারেশন সার্চলাইট' বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত মহান নেতার স্বদেশ প্রত্যাবর্তনের ঘটনা বর্ণনা করো। ৩
ঘ. উক্ত মহান নেতার হত্যাকাণ্ডের ফলে দেশের নেতৃত্বশূন্যতায় যে নৈরাজ্যকর পরিস্থিতি দেখা দিয়েছিল তার বিবরণ দাও। ৪

৭. তথ্য-১: i. সুলতানদের জুমা ও ঈদের নামাজে খুতবা পাঠ করা।
ii. সমাজে উচ্চ, মধ্য ও নিম্ন তিন শ্রেণির লোক ছিল।
iii. পীর-ফকিরদের যথেষ্ট প্রভাব ছিল।

তথ্য-২: i. জাতিভেদ প্রথা প্রচলিত ছিল।
ii. কৌলীন্য প্রথা প্রচলিত ছিল।

ক. ষাটগম্বুজ মসজিদ কোথায় অবস্থিত? ১
খ. বাংলার অর্থনৈতিক সমৃদ্ধির মূল উৎসটি ব্যাখ্যা করো। ২
গ. তথ্য-১ দ্বারা মধ্যযুগের যে সমাজের কথা বলা হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. তথ্য-২ দ্বারা বাংলার হিন্দু সমাজের সামাজিক অবস্থার প্রতিফলন ঘটেছে– বিশ্লেষণ করো। ৪

৮. নিচের ছবিদ্বয় লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :





ক. শিখা চিরন্তন কখন স্থাপিত হয়? ১
খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্রবাসী বাঙালিদের ভূমিকা কী ছিল? ২
গ. প্রথম ছবিটি বাংলাদেশের কোন ঐতিহাসিক ঘটনার? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর প্রথম ছবির চূড়ান্ত অর্জন দ্বিতীয় ছবি? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৯. দৃশকল্প-১: বর্তমানে হাউজিং কমপ্লেক্সগুলোর পরিকল্পনায় দেখা যায় প্রতিটি দালানের সামনে প্রশস্ত রাস্তা, পানি নিষ্কাশনের জন্য নর্দমা এবং রাস্তার দুই পাশে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখা হয়।

দৃশ্যকল্প-২: মিঞা বাড়ির লোকেরা আইনের ব্যাপারে খুবই কঠোর। বিচারের ক্ষেত্রে তারা হাতের বদলে হাত, চোখের বদলে চোখ' এই নীতিতে বিশ্বাসী। তারা জনগণের মাঝে সচেতনতা সৃষ্টির জন্য আইনসমূহ লিখে জনগণের দৃষ্টিগোচর করার জন্য গাছের ডালে টাঙিয়ে রাখত।

ক. নোম কী? ১
খ. গ্রিক সভ্যতার স্বর্ণযুগ সম্পর্কে ব্যাখ্যা করো। ২
গ. দৃশ্যকল্প-১ এ হাউজিং কমপ্লেক্সের পরিকল্পনা প্রাচীন কোন সভ্যতার সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ যে আইনের কথা বলা হয়েছে তা যেন প্রাচীন রোমান আইনেরই প্রতিচ্ছবি-ব্যাখ্যা করো। ৪

১০. এটি বাংলাদেশের সর্বোচ্চ দলিল। এটি লিখিত ও দুষ্পরিবর্তনীয়। এটি বাংলা ও ইংরেজি উভয় ভাষায় রচিত। লাখো শহীদের রক্তের বিনিময়ে এটি অর্জিত হয়েছে।

ক. ১৯৭২ সালে বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতির মূলকথা কী ছিল? ১
খ. ১৯৭০ সালের সাধারণ নির্বাচনের ফলাফল বর্ণনা করো। ২
গ. উদ্দীপকে কোন বিষয়টি প্রতীয়মান হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সর্বোচ্চ দলিলের বৈশিষ্ট্য নিরূপণ করো। ৪

১১.

| ছক-১ | ছক-২ |
|---|---|
| ধুতি ও শাড়ি, হাতে চুড়ি | মৃৎশিল্প, লৌহ শিল্প |
| খোঁপায় ফুল, গলায় অলংকার | স্বর্ণ শিল্প, কাঠ শিল্প |

ক. বিহার কী? ১
খ. প্রাচীন বাংলায় নারীদের অবস্থান কীরূপ ছিল? ২
গ. ছক-১ এর ধারণাগুলোর মধ্যে প্রাচীন বাংলার কোন চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ছক-২ এর বর্ণিত তথ্যগুলো একসময় ছিল অত্যন্ত সমৃদ্ধিশালী– যুক্তিসহ উপস্থাপন করো। ৪

মডেল টেস্ট- ০২

# বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা

সময় : ৩০ মিনিট | বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা | মান : ৩০

[**দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১ ও ২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
নিশাপুর চা বাগানে চা-শ্রমিকরা তাদের কম মজুরির প্রতিবাদ করতে রাস্তায় নেমে বিক্ষোভ করছিল। অবরোধ-ভাঙচুর চালাতে থাকলে শ্রমিক নেতা কিরণ তাদের সহিংস আন্দোলন পরিত্যাগ করে নিয়মতান্ত্রিক আন্দোলনের জন্য আহ্বান জানান।

**১. শ্রমিক নেতা কিরণ কোন ব্যক্তির নীতি দ্বারা প্রভাবিত হয়েছেন?**
K ক্ষুদিরাম L মাস্টারদা সূর্যসেন M মহাত্মা গান্ধী N পুলিন বিহারী দাস

**২. উক্ত নেতার কর্মকাণ্ডের মধ্যে ছিল–**
i. হিন্দু-মুসলমানের ঐক্য দৃঢ়করণ ii. নির্যাতনমূলক আইনের বিরুদ্ধে প্রতিবাদ
iii. সত্যাগ্রহ বন্দিদের মুক্তিদানের দাবি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩. পাকিস্তানি শাসকগোষ্ঠী কোন সালে উর্দুকে রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা করে?**
K ১৯৪৭ L ১৯৪৮ M ১৯৫০ N ১৯৫২

**৪. ১৯৫৬ সালের ২৩ মার্চকে পাকিস্তান ইসলামি প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট নির্বাচিত হন?**
K মোহাম্মদ আলী জিন্নাহ L ইস্কান্দার মির্জা
M আইয়ুব খান N মালিক ফিরোজ খান

**৫. ১৯৭০ সালের নির্বাচনে পাকিস্তান জাতীয় পরিষদের ৩১৩ জন সদস্যের মধ্যে কতজন মহিলা প্রতিনিধি ছিলেন?**
K ৭ জন L ১৩ জন M ১৬৯ জন N ৩০০ জন

**৬. বঙ্গবন্ধু সরকার প্রধান হিসেবে প্রথম কখন সংবাদ সম্মেলন করেন?**
K ১০ জানুয়ারি, ১৯৭২ L ১২ জানুয়ারি, ১৯৭২
M ১৪ জানুয়ারি, ১৯৭২ N ১৬ জানুয়ারি, ১৯৭২

**৭. পূর্ব পাকিস্তানিরা পিছিয়ে পড়ে–**
i. ব্যবসা-বাণিজ্যে ii. শিল্প উৎপাদনে iii. শিক্ষাক্ষেত্রে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. আইয়ুব বিরোধী ছাত্র আন্দোলণের অন্যতম কারণ–**
i. দেশবিরোধী ষড়যন্ত্রের অভিযোগে সোহরাওয়ার্দীকে গ্রেফতার
ii. ছাত্রদের উপর পুলিশি নির্যাতন
iii. আইয়ুব খান কর্তৃক নতুন সংবিধান ঘোষণা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. মুজিবনগর সরকারের স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসন এবং কৃষিমন্ত্রী হিসেবে কে দায়িত্ব পালন করেছিলেন?**
K এম.মনসুর আলী L তাজউদ্দীন আহমদ
M এ.এইচ.এম. কামরুজ্জামান N এ.কে.খন্দকার

**১০. সদ্য স্বাধীন বাংলাদেশের জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছে কীসের মধ্য দিয়ে?**
K বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের ফলে
L স্বাধীনতা লাভের মধ্য দিয়ে
M বাহাত্তুরের সংবিধানের বিধানবলির মধ্য দিয়ে
N সংবিধানের প্রথম সংশোধনীর মাধ্যমে

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
অগণতান্ত্রিক সরকার ক্ষমতায় এসে তার সমভাবাপন্ন ব্যক্তি কর্তৃক সংঘটিত গণহত্যা, অসাংবিধানিক ক্ষমতা দখল ইত্যাদি অবৈধ কাজের নিরাপত্তা ও বৈধতা দেয় এবং একই সাথে তাদের অপরাধের বিচারের পথ রুদ্ধ করে সংসদে আইনও পাস করে।

**১১. উদ্দীপকের কর্মকাণ্ড বাংলাদেশ সংবিধানের কোন সংশোধনীর সাথে সামঞ্জস্যপূর্ণ?**
K প্রথম L দ্বিতীয় M চতুর্থ N পঞ্চম

**১২. এই সংশোধনীর মাধ্যমে–**
i. আইনের শাসন রুদ্ধ হয় ii. বহির্বিশ্বে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়
iii. সামাজিক জীবন বাধাগ্রস্ত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. লিওপোল্ড ফন্ র‍্যাংকে কোন দেশের অধিবাসী?**
K জাপান L জার্মান M ইংল্যান্ড N থাইল্যান্ড

**১৪. 'ইলিয়াড' ও 'ওডিসি' মহাকাব্যের রচয়িতা কে?**
K হোমার L অ্যারিস্টটল M প্লেটো N সক্রেটিস

**১৫. 'শালবন বিহার' কোন জনপদের অধীন?**
K সমতট L হরিকেল M বঙ্গ N গৌড়

**১৬. স্বাধীন বঙ্গারাজ্যের রাজারা কোন উপাধি গ্রহণ করেছিলেন?**
K সম্রাট L প্রেসিডেন্ট M নবাব N মহারাজাধিরাজ

**১৭. ইতিহাসকে প্রধানত দুই ভাগে ভাগ করা হয়েছে–**
i. পঠন-পাঠনের সুবিধার্থে ii. আলোচনার সুবিধার্থে iii. গবেষণাকর্মের সুবিধার্থে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. পেরিক্লিস যে বিভাগে নাগরিকদের অবাধ অংশগ্রহণের অধিকার প্রতিষ্ঠা করেন–**
i. প্রশাসন ii. আইন iii. বিচার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. আধুনিককালে গৌড়ের অন্তর্ভুক্ত হলো–**
i. মালদহ ii. মুর্শিদাবাদ iii. বীরভূম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. কত খ্রিষ্টাব্দে ভারতে গুপ্ত সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়?**
K ৩২০ L ৩২১ M ৩২২ N ৩২৩

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
সালমা গ্রীষ্মের ছুটিতে মা-বাবার সাথে কুমিল্লার ময়নামতিতে শালবন বিহার পরিদর্শনে যায়। সেখানে গিয়ে লক্ষ করে যে, বিহারের মাঝখানে উঁচু টিবির উপর কেন্দ্রীয় মন্দির, চারপাশে বৌদ্ধ ভিক্ষুদের জন্য অসংখ্য কক্ষ, দেয়ালে টেরাকাটা অঙ্কন। সবকিছু মিলিয়ে অপূর্ব প্রাচীন নিদর্শন।

**২১. সালমার দেখা প্রাচীন নিদর্শনের বৈশিষ্ট্যের সাথে প্রাচীন বাংলার কোন নিদর্শনের মিল খুঁজে পাওয়া যায়?**
K ঢাকার আশরাফপুরের L চট্টগ্রামের ঝেওয়ারির
M নওগাঁর পাহাড়পুরের N বাঁকুড়ার বহুলাড়ার

**২২. উক্ত প্রাচীন নিদর্শনে যে বৈশিষ্ট্য পরিলক্ষিত হয় তা হলো–**
i. বৌদ্ধদের নির্মিত ii. জ্ঞানসাধনার স্থান iii. দেশে-বিদেশে যথেষ্ট খ্যাতি রয়েছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. বখতিয়ার খলজি কবে নিজ জন্মভূমির মায়া ত্যাগ করেন?**
K ১১৯০ সালে L ১১৯৫ সালে M ১২০০ সালে N ১২০৫ সালে

**২৪. মধ্যযুগে বাংলার সমাজ ব্যবস্থায় কোন দুটো ধর্মের প্রভাব বিদ্যমান ছিল?**
K হিন্দু ও বৌদ্ধ L হিন্দু ও মুসলমান M হিন্দু ও খ্রিষ্টান N হিন্দু ও ইহুদি

**২৫. উপমহাদেশে সর্বশেষ আগত ইউরোপীয় বণিক কোম্পানি কোনটি?**
K ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি L ডেনিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি
M ফরাসি ইস্ট ইন্ডিয়া কোম্পানি N ডাচ ইস্ট ইন্ডিয়া কোম্পানি

**২৬. ফকির আন্দোলনের নেতা কে ছিলেন?**
K ফকির পরাগল শাহ L ফকির মজনু শাহ
M তিতুমির N হাজী শরীয়তউল্লাহ

**২৭. আলি মর্দান খলজিকে বন্দি করা হয়–**
i. শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য ii. বখতিয়ার খলজির হত্যাকারী ছিলেন বলে
iii. বিদ্রোহ দমনের জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. মধ্যযুগে কৃষিই ছিল বাংলার অর্থনৈতিক সমৃদ্ধির মূল উৎস। কারণ–**
i. প্রকৃতির আশীর্বাদ ii. ভূমির উর্বরতা iii. ফলনের প্রাচুর্যতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৯. ক্ষমতা গ্রহণকালে নবাব সিরাজউদ্দৌলার বয়স কত ছিল?**
K ২১ বছর L ২২ বছর M ২৩ বছর N ২৪ বছর

**৩০. ফকির-সন্ন্যাসীরা ইংরেজদের বিরুদ্ধে দীর্ঘ আন্দোলনে অবতীর্ণ হন। কারণ, ইংরেজরা–**
i. তাদেরকে ডাকাত-দস্যু মনে করত ii. তীর্থস্থান দর্শনের জন্য করারোপ করত
iii. তাদের চলাফেরায় বাধা সৃষ্টি করত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | 1 | | 2 | | 3 | | 4 | | 5 | | 6 | | 7 | | 8 | | 9 | | 10 | | 11 | | 12 | | 13 | | 14 | | 15 | |
| | 16 | | 17 | | 18 | | 19 | | 20 | | 21 | | 22 | | 23 | | 24 | | 25 | | 26 | | 27 | | 28 | | 29 | | 30 | |

# হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : সৃজনশীল প্রশ্ন** মান : ৭০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. পলি বেগম তার ইতিহাসের শিক্ষার্থীদের নিয়ে ময়মনসিংহের জাদুঘর শশীলজ, আলেকজান্ডার ক্যাসেল, মুক্তাগাছার জমিদার বাড়ি পরিদর্শন করেন। শিক্ষার্থীরা এসব স্থানে মূর্তি, প্রাচীন আসবাবপত্র, মুদ্রা ও নানাবিধ দলিল দেখে। পলি বেগম বলেন, "এসব প্রাচীন জিনিস দেখার ফলে তোমরা দেশ ও জাতি সম্পর্কে সচেতন হবে এবং সুনাগরিক হয়ে গড়ে উঠবে।

ক. বিষয়বস্তুগত ইতিহাস কাকে বলে? ১
খ. ইতিহাসকে 'শিক্ষণীয় দর্পণ' বলা হয় কেন? ২
গ. শিক্ষার্থীরা দর্শনীয় স্থানগুলোতে ইতিহাসের কোন ধরনের উপাদান দেখেছিল ব্যাখ্যা করো। ৩
ঘ. শিক্ষার্থীদের উদ্দেশ্যে পলি বেগমের বক্তব্য তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

২. বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক সম্পন্ন করার পর রহিম একটি চাকরির জন্য ভাইভা পরীক্ষায় অংশ নিলে সেখানে কর্তৃপক্ষ তাকে "হেরোডোটাস যদি ইতিহাসবিদ হন তবে তাকে ইতিহাস বিষয়ে গবেষণার জন্য বৈজ্ঞানিক বলা যাবে কি না"– ব্যাখ্যা করতে বললেন। রহিম আধুনিক ইতিহাসের সূচনার প্রসঙ্গ টেনে এনে হেরোডোটাসের সাথে আধুনিক ইতিহাসের জনকের কাজের তুলনার মাধ্যমে বিষয়টি সুন্দরভাবে তুলে ধরে। তার সুন্দরভাবে উপস্থাপনার জন্য কর্তৃপক্ষ তাকে মনোনীত করেন।

ক. হেরোডোটাস কোথায় জন্মগ্রহণ করেন? ১
খ. একজন ইতিহাসবিদ একজন বৈজ্ঞানিক পর্যায়ভুক্ত হবেন কেন? ২
গ. আধুনিক ইতিহাসের সূচনা হয় কীভাবে? রহিমের উপস্থাপনার আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি উদ্দীপকে উল্লিখিত সময়কালের মধ্যে কোন সময়ের ইতিহাস শাস্ত্রের ধারা অনুসরণ করবে? মতামত দাও। ৪

৩. মৃদুল সাহেব ঢাকা শহরে এসে গুলশান আবাসিক এলাকায় বেড়াতে গেলেন। গুলশান এলাকায় স্থাপনাগুলোর নির্মাণশৈলী দেখে অবাক হন এবং তার গ্রামে ঐভাবে একটি বাড়ি তৈরির কথা চিন্তা করেন।
পলাশ জ্যামিতির চিত্র আঁকছিল। সে জ্যামিতির চিত্র আঁকতে গিয়ে লক্ষ করল, প্রাচীন এক সভ্যতার এরকম ত্রিভুজের মতো দেখতে এক বিশেষ স্থাপত্য শিল্প রয়েছে।

ক. নোম কী? ১
খ. রোমানদের গুরুত্বপূর্ণ অবদানটি ব্যাখ্যা করো। ২
গ. গুলশান আবাসিক এলাকার স্থাপত্য বৈশিষ্ট্যের সাথে কোন সভ্যতার মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের দ্বিতীয় অংশে যে সভ্যতার কথা বলা হয়েছে তারা নিজেদের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। মতামত দাও। ৪

৪.

| ছক-১ | ছক-২ |
|---|---|
| শালবন বিহার ময়নামতি জাদুঘর | বিক্রমপুর নাব্য |

ক. চন্দ্রদ্বীপের বর্তমান নাম কী? ১
খ. প্রাচীন জনপদগুলোর পরিচয় জানা প্রয়োজন কেন? ২
গ. ছক-২ কোন জনপদের সাথে সম্পৃক্ত– ব্যাখ্যা করো। ৩
ঘ. ছক-১ এর ঐতিহাসিক স্থানগুলো কোন জনপদকে নির্দেশ করেছে? বিবরণ দাও। ৪

৫. রামনগর পৌরসভার চেয়ারম্যান সাম্য খান তার এলাকায় একটি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করেন। সে শিক্ষা প্রতিষ্ঠানে দেশ-বিদেশের শিক্ষার্থীর শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি করা হয়। তার এলাকার বিভিন্ন ধর্মাবলম্বীদের নিজ নিজ ধর্ম পালনের সুবিধার বিষয়ে তিনি মনোযোগী হন। তিনি তার পৌরসভায় শান্তি-শৃঙ্খলা স্থাপনেও সমর্থ হন। ফলে তিনি দীর্ঘদিন পৌরশাসন করার সুযোগ লাভ করেন।

ক. পাল বংশের প্রতিষ্ঠাতা কে? ১
খ. 'মাৎস্যন্যায়' বলতে কী বোঝায়? ২
গ. আধুনিক শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার ক্ষেত্রে রামনগর পৌরসভার চেয়ারম্যানের সঙ্গে ধর্মপালের কোন কর্মকাণ্ডের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সাম্য খানের দীর্ঘদিন পৌরশাসন করার পিছনে কাজ করেছে ধর্মপালের আদর্শ ও অনুপ্রেরণা'- উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৬. তথ্য চিত্র-১: ভেলা ও ডোঙ্গা, নৌকা ও পালকি।
তথ্য চিত্র-২: দ্রব্য বিনিময়-বৈদেশিক বাণিজ্য, কড়ি-মুদ্রার প্রচলন।

ক. কোন ধরনের জমিকে 'বাস্তু' বলা হতো? ১
খ. বাংলার সংস্কৃতি গড়ে ওঠে কীভাবে? ২
গ. উদ্দীপকের তথ্য চিত্র-১-এর যাতায়াত ব্যবস্থার সঙ্গে প্রাচীন বাংলার যাতায়াত ব্যবস্থার কী অমিল লক্ষ করা যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো, তথ্য চিত্র-২-এ বাংলার ধন-সম্পদ ও ঐশ্বর্যের প্রসার ঘটেছিল? মতামত দাও। ৪

৭. সুমন নামের এক ব্যক্তি তার রাজ্যের শাসক ছিলেন। তিনি ছিলেন সুশাসক ও দূরদর্শী রাজনীতিবিদ। শাসন ব্যবস্থার পুনর্গঠন এবং জনকল্যাণ সাধনের উদ্দেশ্যে তিনি যথেষ্ট উদ্যম, নিষ্ঠা ও বিচক্ষণতার পরিচয় দিয়েছিলেন। রাজ্যের জন্য রাজ্য জয়ই শেষকথা নয়, যুগোপযোগী ও ন্যায়ভিত্তিক শাসনব্যবস্থাও যে অপরিহার্য তা তিনি উপলব্ধি করেছিলেন।

ক. মুঘলদের শত্রু ছিল কারা? ১
খ. ফিরোজ শাহ কেন বাংলার স্বাধীনতা মেনে নিয়েছিলেন? ২
গ. শাসক সুমনের সাথে পাঠ্যপুস্তকের যে শাসকের মিল রয়েছে, তার শাসনের বর্ণনা দাও। ৩
ঘ. উদ্দীপকের অনুরূপ একজন শাসক হিন্দু ও মুসলমানের মধ্যে সম্প্রীতি স্থাপনের চেষ্টা করেছিলেন– মতামত দাও। ৪

৮.


১ নং চিত্র


২ নং চিত্র


ক. ষাটগম্বুজ মসজিদ কোথায় অবস্থিত? ১
খ. কেন মধ্যযুগকে মুঘলদের স্বর্ণযুগ বলা হয়? ২
গ. চিত্রে উল্লিখিত ১নং নিদর্শনটি প্রাচীন কোন স্থাপত্য শিল্পকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. চিত্রে ১নং ও ২নং নিদর্শন তুলনামূলক আলোচনাসহ ইসলাম ধর্ম প্রচারে এর গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৯. বাণিজ্য করার উদ্দেশ্যে বিদেশি একদল বণিক সুন্দরবন অঞ্চলে আসে। বাণিজ্যের পাশাপাশি তারা শাসনক্ষমতা দখলের ফন্দি আঁটে। নানা অজুহাতে তারা সামরিক শক্তি বৃদ্ধি করতে থাকে। বিভিন্ন সময়ে চেয়ারম্যানের সাথে তারা কোন্দলে জড়িয়ে পড়ে। একসময়ে তারা চেয়ারম্যানের সাথে দ্বন্দ্বে লিপ্ত হয়। চেয়ারম্যানের সচিবের বিশ্বাসঘাতকতায় বণিক শ্রেণি সুন্দরবন অঞ্চলে প্রভুত্ব লাভ করে। এর প্রেক্ষিতে অত্র অঞ্চলের জনগণ পরাধীনতার শিকার হন।

ক. বক্সারের যুদ্ধ কত সালে হয়? ১
খ. বাণিজ্য করতে এসেও পর্তুগিজরা কেন এ দেশত্যাগ করতে বাধ্য হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত দ্বন্দ্বের সাথে বাংলার ইতিহাসের কোন যুদ্ধের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত যুদ্ধে পরাজয়ের মধ্য দিয়ে বাংলার স্বাধীনতার সূর্য অস্তমিত হয়– উক্তিটির পক্ষে মতামত দাও। ৪

১০. প্রদত্ত চিত্রের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :


চিত্র-ক


চিত্র-খ


চিত্র-গ

ক. বুদ্ধিজীবী স্মৃতিসৌধ এর স্থপতি কে? ১
খ. 'শিখা চিরন্তন' আমাদের দেশের শহিদদের ত্যাগকে স্মরণ করিয়ে দেয়, ব্যাখ্যা করো। ২
গ. চিত্র- 'ক' তে যে মহান ব্যক্তির ছবি দেখা যায় স্বাধীনতা যুদ্ধে তার অবদান ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো, চিত্র 'খ' ও 'গ'-তে যাদের ছবি দেখা যাচ্ছে তারাও চিত্র 'ক' এর মহান ব্যক্তির স্বাধীনতা যুদ্ধে ব্যাপক ভূমিকা পালন করেছিল? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১.

| ১৯৫২ | ১৯৬২ | ১৯৬৬ | ১৯৬৯ | ১৯৯০ |
|---|---|---|---|---|
| ভাষা আন্দোলন | শিক্ষা আন্দোলন | ছয় দফা আন্দোলন | গণ আন্দোলন | ? |

ক. স্বাধীন বাংলাদেশে প্রথম সামরিক আইন জারি করেন কে? ১
খ. সাত্তার সরকারের পতনের দুটি কারণ বর্ণনা করো। ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত আন্দোলনটির কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের ১৯৬৬ সালের সাথে ১৯৯০ সালের কী সাদৃশ্য- বৈসাদৃশ্য রয়েছে? বিশ্লেষণ করো। ৪

## মডেল টেস্ট- ০৩

# নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

সময় : ৩০ মিনিট **বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা** মান : ৩০

[**দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

**১. আধুনিক ইতিহাসের জনক কে?**
K লিওপোল্ড ফন্ র‌্যাংকে L হেরোডোটাস
M ফা-হিয়েন N এ.এইচ. কার

**২. 'আইন-ই আকবরী' রচনা করেন কে?**
K আবুল ফজল L মিনহাজ-উস-সিরাজ
M কৌটিল্য N কলহন

**৩. উয়ারী-বটেশ্বর–**
i. বগুড়ায় অবস্থিত ii. নরসিংদী জেলায় অবস্থিত
iii. প্রাচীন বাংলার প্রত্নতাত্ত্বিক ধ্বংসাবশেষ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. হায়ারোগ্লিফিক কী?**
K চিত্রলিপি L বর্ণলিপি M প্যাপিরাস N সূর্যঘড়ি

**৫. মিশরকে নীল নদের দান বলার প্রধান কারণ কোনটি?**
K ব্যবসা-বাণিজ্যের প্রসার L নৌ চলাচলের সুবিধা
M বসবাসের সুবিধা N ফসল উৎপাদন বৃদ্ধি

**৬.**

?
↑
রাজশাহী ← বরেন্দ্র → বগুড়া

**উপরের ছকটির '?' স্থানে কোনটি বসবে?**
K শালবন বিহার L মহাস্থানগড় M সোমপুর বিহার N ময়নামতি

**৭. বাংলার অতি প্রাচীন জনপদ কোনটি?**
K গৌড় L সমতট M বঙ্গ N হরিকেল

**৮. কৈবর্ত বিদ্রোহ কার আমলে হয়?**
K দেবপাল L বিগ্রহপাল M ধর্মপাল N মহীপাল

**৯. প্রাচীন বাংলার শাসকরা একাধিক জনপদের শাসন ক্ষমতা লাভ করতেন কীভাবে?**
K নিজেদের মধ্যে সন্ধি স্থাপনের মাধ্যমে
L শক্তি প্রয়োগের মাধ্যমে
M রাজনৈতিক কৌশল প্রয়োগের মাধ্যমে
N সম্পদের প্রলোভন দেখিয়ে

**১০. প্রাচীন বাংলায় সবচেয়ে নিচু শ্রেণির অন্তর্ভুক্ত ছিল কারা?**
K ব্রাহ্মণরা L শূদ্রা M ক্ষত্রিয়রা N বৈশ্যরা

**১১. বাংলা ভাষার উদ্ভব সম্পর্কে কোনটি সঠিক?**
K সংস্কৃত → অপভ্রংশ → প্রাকৃত → বাংলা
L প্রাকৃত → সংস্কৃত → উপভ্রংশ → বাংলা
M সংস্কৃত → প্রাকৃত → উপভ্রংশ → বাংলা
N উপভ্রংশ → প্রাকৃত → সংস্কৃত → বাংলা

**১২. বাংলায় মুসলমান শাসন প্রতিষ্ঠা করেন কে?**
K বখতিয়ার খলজি L শিরান খলজি
M শামসুদ্দিন ইলিয়াস শাহ N আলাউদ্দিন হুসেন শাহ

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
হাজিরহাট অঞ্চলের নির্বাচিত চেয়ারম্যান কামরুল সাহেব জনপ্রিয়। তার এলাকায় হিন্দু ও মুসলিম এ দুই সম্প্রদায় বাস করে। তিনি নিজে মুসলমান হলেও যোগ্যতা অনুসারে হিন্দুদেরকেও বিভিন্ন কাজের দায়িত্ব দিতেন। তার এ ধর্মীয় উদারতার ফলে এলাকায় সাম্প্রদায়িক সম্প্রীতি তৈরি হয়।

**১৩. মধ্যযুগের কোন সুলতানের শিক্ষা কামরুল সাহেবকে অনুপ্রেরণা যুগিয়েছে?**
K আলাউদ্দিন হুসেন শাহ L সিকান্দার শাহ
M গিয়াসউদ্দিন আজম শাহ N আলাউদ্দিন ফিরোজ শাহ

**১৪. উক্ত সুলতানের কর্মকাণ্ডের ফলে–**
i. বাংলা সাহিত্যচর্চা নতুন গতি পায় ii. অদূরদর্শী রাজনীতির পরিচয় ঘটে
iii. দক্ষতার সাথে শাসনকার্য পরিচালিত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৫. আদিনা মসজিদ নির্মাণ করেন কে?**
K সুলতান সিকান্দার শাহ L নুসরাত শাহ
M সুলতান জালালউদ্দিন N রুকনউদ্দিন বরবক শাহ

**১৬. সমগ্র পৃথিবীর মধ্যে বাংলাতেই সবচেয়ে সস্তায় জিনিসপত্র পাওয়া যেত– কার উক্তি?**
K ইবনে বতুতা L রামমোহন রায় M ঈশ্বরী প্রসাদ N হিউয়েন সাং

**১৭. নিচের ছকটির '?' চিহ্নিত স্থানে কোনটি বসবে?**

| পর্তুগীজ | → | ? | → | দিনেমার |
|---|---|---|---|---|

K ফরাসি L ইংরেজ M ডাচ N স্পেনীয়

**১৮. ওয়ারেন হেস্টিংস এর পাঁচসালা বন্দোবস্ত ব্যর্থ হওয়ার কারণ–**
i. উচ্চহারে রাজস্ব নির্ধারণ ii. কৃষকদের প্রতি জমিদারদের নির্যাতন
iii. সচেতনতা বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. 'সম্বাদ কৌমুদী' পত্রিকার প্রকাশক কে ছিলেন?**
K মাইকেল মধুসূদন দত্ত L ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
M রাজা রামমোহন রায় N হাজী শরীয়তউল্লাহ

**২০. সতীদাহ প্রথা বিলোপ সাধনে প্রচেষ্টা চালান কে?**
K ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর L সৈয়দ আমির আলি
M হাজী মুহম্মদ মহসীন N রামমোহন রায়

**২১. ১৯০৫ সালে বাংলা ভাগ করেন কে?**
K লর্ড কর্নওয়ালিস L লর্ড কার্জন M রবার্ট ক্লাইভ N লর্ড মাউন্টব্যাটেন

**২২. ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম হয় কত সালে?**
K ১৮৪৯ সালে L ১৭৫৭ সালে M ১৮৫৭ সালে N ১৮৭৭ সালে

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
ইংলিশ ভার্সন স্কুলে লেখাপড়া করায় কাব্য ইংরেজিতে কথা বলে। কিন্তু ছোট বোন ছন্দা প্রতিবাদ করে বলে আমরা সবাই বাংলা ভাষায় কথা বলব।

**২৩. ছন্দা কোন আন্দোলনের চেতনায় অনুপ্রাণিত?**
K ভাষা আন্দোলন L স্বাধিকার আন্দোলন
M খিলাফত আন্দোলন N অসহযোগ আন্দোলন

**২৪. উক্ত আন্দোলনের ফলে–**
i. সাংস্কৃতিক বিকাশ ঘটে ii. বাঙালির অধিকার আদায় হয়
iii. বাঙালি জাতীয়তাবাদ সৃষ্টি হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. আইয়ুব খানের মৌলিক গণতন্ত্র কয়টি স্তরবিশিষ্ট?**
K ২ L ৩ M ৪ N ৫

**২৬. মুজিবনগর সরকার বাংলাদেশকে কয়টি সামরিক সেক্টরে ভাগ করেন?**
K ১১ L ১২ M ১০ N ১৫

**২৭. 'কনসার্ট ফর বাংলাদেশ' এর উদ্যোগ গ্রহণ করেন কে?**
K জর্জ হ্যারিসন L বব ডিলান M জর্জ ডিলান N পণ্ডিত রবিশংকর

**২৮. সংবিধান সংশোধনীর ক্ষেত্রে সংসদে কত শতাংশ সদস্যের ভোট প্রয়োজন হয়?**
K এক-পঞ্চমাংশ L দুই-চতুর্থাংশ M এক-তৃতীয়াংশ N দুই-তৃতীয়াংশ

**২৯. কে 'ইনডেমনিটি অধ্যাদেশ ১৯৭৫' জারি করেন?**
K খন্দকার মোশতাক আহমেদ L জেনারেল জিয়াউর রহমান
M ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ N বিচারপতি সায়েম

**৩০. বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূলকথা হলো–**
i. শান্তিপূর্ণ সহাবস্থান ii. সবার সাথে বন্ধুত্ব iii. বর্ণবাদের বিরুদ্ধে সোচ্চার হওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | 1 | | 2 | | 3 | | 4 | | 5 | | 6 | | 7 | | 8 | | 9 | | 10 | | 11 | | 12 | | 13 | | 14 | | 15 | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 16 | | 17 | | 18 | | 19 | | 20 | | 21 | | 22 | | 23 | | 24 | | 25 | | 26 | | 27 | | 28 | | 29 | | 30 | |

# বন্দর গার্লস স্কুল এন্ড কলেজ, নারায়ণগঞ্জ

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : সৃজনশীল প্রশ্ন** মান : ৭০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.

| তথ্য-১ | তথ্য-২ |
|---|---|
| লিপিমালা, মুদ্রা, স্থাপত্য-ভাস্কর্য, প্রত্নতাত্ত্বিক ধ্বংসাবশেষ | ফা-হিয়েন, হিউয়েন সাং ........ ইবনে বতুতা |
| খোঁপায় ফুল, গলায় অলংকার | স্বর্ণ শিল্প, কাঠ শিল্প |

ক. ঐতিহ্য কাকে বলে? ১

খ. ইতিহাস কীভাবে সচেতনতা বৃদ্ধি করে? ২

গ. তথ্য-১ ইতিহাসের কোন ধরনের উপাদানকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তথ্য-২ ইতিহাস রচনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে-উক্তিটি বিশ্লেষণ করো। ৪

২. এশিয়া, আফ্রিকা, ইউরোপ মহাদেশ দ্বারা বেষ্টিত ও ভূমধ্যসাগরের উপকূলে অবস্থিত একটি দেশ 'ক'। এখানে আছে প্রাচীন সভ্যতা, স্থাপত্য-ভাস্কর্য ও লিখন পদ্ধতি।


ক. সিন্ধু সভ্যতা কোথায় গড়ে উঠেছিল? ১

খ. 'মিশর নীলনদের দান'– ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোন সভ্যতার কথা বলা হয়েছে? উক্ত সভ্যতার শিল্প ভাস্কর্যের বিবরণ দাও। ৩

ঘ. 'চিত্রলিপি ও কাগজ আবিষ্কার'– উক্ত সভ্যতার অন্যতম বৈশিষ্ট্য-বিশ্লেষণ করো। ৪

৩.




চিত্র-১ চিত্র-২

ক. জনপদ কী? ১

খ. বঙ্গ নামের উৎপত্তি হয় কীভাবে? ২

গ. চিত্র-১ এর '?' চিহ্নিত স্থানটিতে তোমার পাঠ্যবইয়ের কোন জনপদের ইঙ্গিত পাওয়া যায়? বর্ণনা করো। ৩

ঘ. চিত্র-২ এর '?' চিহ্নিত স্থানে যে জনপদের নাম বসবে-"তা ছিল প্রাচীন বাংলার সবচেয়ে সমৃদ্ধ জনপদ"– বিশ্লেষণ করো। ৪

৪. মনিরামপুরের রাজা নিজে বৌদ্ধ ধর্মের অনুসারী হলেও সকল ধর্মের প্রজাদের প্রতি ছিল তার সমান পৃষ্ঠপোষকতা। তিনি একটি হিন্দু মন্দিরের জন্য করমুক্ত ভূমিও দান করেছিলেন।

ক. দানসাগর গ্রন্থের রচয়িতা কে? ১

খ. মাৎস্যন্যায় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের রাজার কর্মকাণ্ডের সাথে পাঠ্যবইয়ের কোন রাজার মিল আছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো, উক্ত রাজাই ছিলেন তার বংশের মধ্যে সর্বশ্রেষ্ঠ? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. কবিতা তার বোনের বিয়েতে পার্লার থেকে চুলের খোঁপা বেঁধে কপালে টিপ পরেছে। এছাড়া সে সুতির শাড়ি, ওড়না ও পায়ে আলতা দিয়ে সেজেছে। অতিথিদের জন্য মাংস ভাত, মাছ, মাংস, দধি ও ক্ষীরের ব্যবস্থা করা হয়েছে। বিয়ের অনুষ্ঠানটি উপভোগ্য হয়েছিল।


ক. বাংলায় মুদ্রার প্রচলন শুরু হয় কখন? ১

খ. প্রাচীন বাংলার অর্থনীতিকে কৃষিনির্ভর বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের কবিতার সাজসজ্জার সাথে বাংলার কোন আমলের সাজসজ্জার মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উক্ত আমলের খাওয়া-দাওয়ায় আভিজাত্যের ছাপ ছিল"– উক্তিটি মূল্যায়ন করো। ৪

৬.




ক. গৌড়কে 'জান্নাতাবাদ' বলা হতো কেন? ১

খ. স্বাধীন সুলতানি শাসন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে '?' চিহ্ন দ্বারা কাদেরকে বোঝানো হয়েছে? বাংলায় তাদের শাসনকার্যের বর্ণনা দাও। ৩

ঘ. উপরে প্রদর্শিত শাসকদের শাসনের অবসান ঘটেছিল কীভাবে? বিশ্লেষণ করো। ৪

৭. রাজধানী ঢাকাকে বলা হয় মসজিদের নগরী। একসময় মসজিদ নির্মাণকে মুসলমান শাসকগণ অতিশয় পুণ্যের কাজ বলে বিবেচনা করতেন। স্থাপত্য শিল্পের বিকাশের জন্য এ যুগকে বাংলায় মুঘলদের 'স্বর্ণযুগ' হিসেবেও অবহিত করা যায়।

ক. 'আকিকা' কী? ১

খ. ফারসি ভাষা রাষ্ট্রীয় মর্যাদা লাভ করেছিল কেন? ২

গ. উদ্দীপকের মসজিদগুলো কোন যুগের স্থাপত্যের ইঙ্গিত বহন করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. স্থাপত্যশিল্পের বিকাশের ক্ষেত্রে উক্ত যুগকে বাংলায় মুঘলদের 'স্বর্ণযুগ' বলা কি সঠিক মনে কর? তোমার মতামত দাও। ৪

৮.

| ছক-১ | ছক-২ |
|---|---|
| ক. | ক. |
| খ. | খ. |

ক. প্রীতিলতা চট্টগ্রামের কোন ক্লাব আক্রমণে নেতৃত্ব দেন? ১

খ. বাংলার সশস্ত্র বিপ্লবী আন্দোলন ব্যর্থ হওয়ার অন্যতম কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ছক-১ এ ব্রিটিশবিরোধী আন্দোলনের কোন নেতার অবদান ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ছক-২ এর "ঐতিহাসিক ঘটনা দীর্ঘদিনের অবহেলিত একটি সম্প্রদায়ের মনে নতুন আশার আলো জাগিয়েছিল"-বক্তব্যের সপক্ষে তোমার মতামত দাও। ৪

৯.

| ছক-১ | ছক-২ |
|---|---|
| হাজেরা মাহমুদ, যোবেদা খাতুন, শাহেরা বানু, রাবেয়া খাতুন, নিবেদিতা নাগ, সারা তৈফুর মাহমুদ | জোটবদ্ধ চারটি দল, ২১ দফা নির্বাচনি ইশতেহার, জোটের নির্বাচনি প্রতীক নৌকা। |


ক. তমদ্দুন মজলিশ কী? ১

খ. ২১ ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' বলা হয় কেন? ২

গ. তথ্য ছক-১ এ উল্লিখিত মহীয়সী নারীরা কোন আন্দোলনকে বেগবান করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. তথ্য ছক-২ এর নির্দেশিত নির্বাচনটি ছিল অন্যায় ও বৈষম্যের বিরুদ্ধে বাঙালিদের ব্যালট বিপ্লব"– বিশ্লেষণ করো। ৪

১০.




ক. COP-এর পূর্ণরূপ লেখো। ১

খ. মৌলিক গণতন্ত্রের কাঠামো ব্যাখ্যা করো। ২

গ. উল্লিখিত ছকে '?' স্থান তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত ঘটনার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

১১. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধকে সঠিকভাবে পরিচালনা করে বিশ্বজনমত গঠনের লক্ষ্যে, ১৯৭০ সালের নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে গঠিত হয় প্রবাসী সরকার। উক্ত সরকার 'বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা' আদেশ আনুষ্ঠানিকতা সম্পন্ন করেছিল।

ক. বীরাঙ্গনা কাদেরকে বলা হয়? ১

খ. জাতীয় স্মৃতিসৌধ নির্মিত হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সরকারের গঠন কাঠামো বর্ণনা করো। ৩

ঘ. উক্ত সরকারের কার্যক্রম বিশ্লেষণ করো। ৪

## মডেল টেস্ট- ০৪

# লায়ন্স স্কুল এন্ড কলেজ, রংপুর

সময় : ৩০ মিনিট বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা মান : ৩০

[**দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

**১. বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক কে?**
K হেরোডোটাস L থুকিডাইডেস M ইউরিপিদিস N এরিস্টোফেনেস

**২. "ইতিহাস হলো বর্তমান ও অতীতের মধ্যে এক অন্তহীন সংলাপ"– উক্তিটি কার?**
K হেরোডোটাসের L ই. এইচ. কারের
M টেইলরের N র‍্যাপসনের

**৩. বস্তুনিষ্ঠতা ও নিরপেক্ষতা কীসের বৈশিষ্ট্য?**
K সাহিত্যের L গণিতের M ইতিহাসের N বিজ্ঞানের

**৪. 'হায়ারোগ্লিফিক' কী?**
K মিশরীয় লিপি L মেসোপটেমীয় লিপি M রোমান লিপি N গ্রিক লিপি

**৫. মেসোপটেমিয়ার সবচেয়ে প্রাচীন সভ্যতা কোনটি?**
K ক্যালডীয় L ব্যাবিলনীয় M সুমেরীয় N অ্যাসিরীয়

**৬. ইতিহাস পাঠ অত্যন্ত প্রয়োজনীয়, কারণ ইতিহাস–**
i. জ্ঞানের বিস্তৃতি ঘটায় ii. সচেতনতা বৃদ্ধিতে সহায়তা করে
iii. উদাহরণ হিসেবে উপস্থিত থাকে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. অলিম্পিক খেলার সূচনা হয় কোথায়?**
K রোমে L গ্রিসে M মিশরে N তুরস্কে

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
শফিক স্যার গণিতের ক্লাসে ত্রিভুজের বিভিন্ন প্রকারভেদ নিয়ে আলোচনা করছিলেন। দশম শ্রেণির ছাত্র মুন্নার মনে পড়ে যায় এক বিশেষ সভ্যতার কথা। যাদের তৈরিকৃত এক স্থাপত্যশিল্পের আকৃতিও ত্রিভুজের মতো।

**৮. মুন্নার কোন সভ্যতার কথা মনে পড়ে?**
K মিশরীয় L গ্রিক M সিন্ধু N রোমান

**৯. উক্ত সভ্যতার লোকেরা ছিল–**
i. ধর্মদ্বারা প্রভাবিত ii. একেশ্বরবাদের ধারক iii. প্রথম পঞ্জিকার আবিষ্কারক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. অনন্ত গঙ্গা নদীর পাড়ে একটি গ্রামে বাস করে। প্রাচীনকালে অনন্তদের গ্রামটি কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?**
K বঙ্গ L গৌড় M হরিকেল N চন্দ্রদ্বীপ

**১১. রিপা ইতিহাস বই থেকে সমতট জনপদ সম্পর্কে জানতে পারে। সমতট জনপদটি যেসব অঞ্চল নিয়ে গঠিত–**
i. কুমিল্লা ii. নোয়াখালী iii. চট্টগ্রাম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. 'সামন্তরাজা' শব্দের অর্থ কী?**
K স্বাধীন L সামন্ত বংশের M সর্বপ্রধান N অন্য রাজার অধীন

**১৩. মৌর্য বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?**
K অশোক গুপ্ত L নারায়ণ চন্দ্র মৌর্য M চন্দ্রগুপ্ত মৌর্য N ত্রৈলোক্যচন্দ্র মৌর্য

**১৪. গোপালের সিংহাসন আরোহণ নিয়ে রূপকথার অবতারণা করেন?**
K লামা তারনাথ L লিসা ভাবনাথ M লামা তারলাসাদ N দ্বারকানাথ

**১৫. গুপ্ত যুগের প্রশাসনিক বিভাগ সম্পর্কে কোনটি সঠিক?**
K গ্রাম → বীথি → মণ্ডল → বিষয় → ভুক্তি
L ভুক্তি → বিষয় → মণ্ডল → বীথি → গ্রাম
M গ্রাম → বীথি → বিষয় → ভুক্তি → মণ্ডল
N ভুক্তি → মণ্ডল → বীথি → বিষয় → গ্রাম

**১৬. দুইশত বছরের সুলতানি শাসনের মধ্যে অন্য ধর্মের কোন শাসক কিছুদিন শাসন করেছেন?**
K রাজা রামমোহন L রাজা গনেশ M রাজা গোপাল N রাজা ধর্মপাল

**১৭. বারোভূঁইয়াদের দমন করার পরে বাংলায় প্রতিষ্ঠিত হয়েছিল কোন শাসন?**
K জমিদারি L সুবাদারি M সুলতানি N নবাবি

**১৮. বারোভূইয়া কারা?**
K বাংলার জমিদার L বিহারের রাজা
M মুঘল সেনাপতি N আফগান সেনাপতি

**১৯. লাহোর প্রস্তাব উত্থাপিত হয়েছিল কত সালে?**
K ১৯৪০ L ১৯৪৫ M ১৯৫২ N ১৯৫৪

**২০. সিপাহি বিদ্রোহের যথার্থ কারণ কী?**
K ধর্মীয় অনুভূতিতে আঘাত L সংস্কৃতিতে আঘাত
M অর্থনীতিতে আঘাত N অস্তিত্বে আঘাত

**২১. তারেক বাংলায় ১৯২৩ খ্রিষ্টাব্দে সম্পাদিত একটি চুক্তির কথা বলেন। এতে সামাজিকভাবে হিন্দু-মুসলিম সম্প্রীতি গৃহীত হয়। এখানে কোন চুক্তির কথা বলা হয়েছে?**
K আসাম চুক্তি L আলীনগরের চুক্তি M বেঙ্গল প্যাক্ট N সুজানগরের চুক্তি

**২২. কত সালে প্যারিসে ইউনেস্কোর অধিবেশনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়?**
K ১৯৯৯ সালের ১৯ নভেম্বর L ১৯৯৭ সালের ২১ ফেব্রুয়ারি
M ২০০০ সালের ১৮ নভেম্বর N ২০০১ সালের ২৫ জানুয়ারি

**২৩. ভাষা আন্দোলনের সাথে সম্পর্কিত ঘটনা হিসেবে নিচের কোনটিকে সমর্থন করা যায়?**
i. তমদ্দুন মজলিশ গঠন ii. সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠন
iii. ১৪৪ ধারা ভঙ্গ
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**২৪. বাংলাদেশের পতাকা কত তারিখে প্রথম উত্তোলন করা হয়?**
K ২ মার্চ ১৯৭১ L ৩ মার্চ ১৯৭১
M ৪ মার্চ ১৯৭১ N ৫ মার্চ ১৯৭১

**২৫. বঙ্গবন্ধুর ছয়দফা কর্মসূচির মূল কারণ কী ছিল?**
K পূর্ব-পাকিস্তানকে বৈষম্যের হাত থেকে রক্ষা
L পশ্চিম পাকিস্তানকে বৈষম্যের হাত থেকে রক্ষা
M ভারত-পাকিস্তানের বিভাজন
N ভারতের শোষণ থেকে পাকিস্তানকে রক্ষা

**২৬. ভেটো ক্ষমতাসম্পন্ন রাষ্ট্র কয়টি?**
K ৫টি L ৬টি M ৭টি N ৮টি

**২৭. স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদ গঠিত হয় কত সালে?**
K ১ মার্চ ১৯৭০ L ২ মার্চ ১৯৭০
M ৩ মার্চ ১৯৭০ N ৪ মার্চ ১৯৭০

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
শিহাব তার পরিবারের সাথে ধানমন্ডির একটি ফ্ল্যাটে থাকে। একদিন সকালে গুলির শব্দে শিহাবের ঘুম ভাঙে। শিহাব জানতে পারে, খুনিরা রাষ্ট্রপতিকে সপরিবারে হত্যা করেছে।

**২৮. উদ্দীপকে কত তারিখের ঘটনা ইঙ্গিত করে?**
K ১৯৭১ এর ২৫ মার্চ L ১৯৭১ এর ২২ মার্চ
M ১৯৬৯ এর ২১ আগস্ট N ১৯৭৫ এর ১৫ মার্চ

**২৯. উদ্দীপকে যাদের হত্যাকাণ্ডের কথা বলা হয়েছে–**
i. শেখ মুজিবুর রহমান ii. শেখ রাসেল iii. শেখ হাসিনা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৩০. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে ইতিহাসের সবচেয়ে জঘন্যতম বিশ্বাসঘাতকতা করেছিলেন–**
K কর্নেল তাহের L কর্নেল অলি আহাদ
M মেজর রফিকুল ইসলাম N খন্দকার মোশতাক

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | 1 | | 2 | | 3 | | 4 | | 5 | | 6 | | 7 | | 8 | | 9 | | 10 | | 11 | | 12 | | 13 | | 14 | | 15 | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 16 | | 17 | | 18 | | 19 | | 20 | | 21 | | 22 | | 23 | | 24 | | 25 | | 26 | | 27 | | 28 | | 29 | | 30 | |

# জামালপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : সৃজনশীল প্রশ্ন** মান : ৭০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. গ্রীষ্মকালীন অবকাশে জোহান দাদুর বাড়িতে যায়। ওর দাদুর বন্ধুর একটি প্রাচীন দ্রব্যাদির সংগ্রহশালা আছে। সংগ্রহশালার সংরক্ষিত চিঠিপত্র, দলিল, বই ইত্যাদি দেখে জোহান খুব আনন্দিত হয়েছিল। ফিরে আসার সময় দাদুর বন্ধু তাকে কয়েকটি প্রাচীন বই উপহার দেন। উপহারের বইগুলো জোহান আগ্রহ নিয়ে পড়তে শুরু করলে দাদু বলেন, এসব বই না পড়ে পাঠ্যপুস্তক পড়ো, তাতে বেশি উপকার হবে।

ক. 'সাম্প্রতিক ইতিহাস' কাকে বলে? ১
খ. ইতিহাসকে শিক্ষণীয় দর্পণ বলা হয় কেন? ২
গ. জোহান তার দাদুর বন্ধুর সংগ্রহশালায় ইতিহাসের কোন উপাদান প্রত্যক্ষ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "জোহানের দেখা উপাদানই ইতিহাসের একমাত্র উপাদান নয়"– উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

২. শেফালী বেগম তাঁর ইতিহাসের শিক্ষার্থীদেরকে নিয়ে ময়মনসিংহের জাদুঘর, শশীলজ, আলেকজান্ডার ক্যাসেল, মুক্তাগাছার জমিদার বাড়ি পরিদর্শন করেন। শিক্ষার্থীরা এসব স্থানে মূর্তি, প্রাচীন আসবাবপত্র, মুদ্রা ও নানাবিধ দলিল দেখে। শেফালী বেগম বলেন, "এসব প্রাচীন জিনিস দেখার ফলে তোমরা দেশ ও জাতি সম্পর্কে সচেতন হবে এবং সুনাগরিক হয়ে গড়ে উঠবে।"

ক. বিষয়বস্তুগত ইতিহাস কাকে বলে? ১
খ. ইতিহাসের স্বরূপ ব্যাখ্যা করো। ২
গ. শিক্ষার্থীরা দর্শনীয় স্থানগুলোতে ইতিহাসের কোন ধরনের উপাদান দেখেছিল? ব্যাখ্যা করো। ৩
ঘ. শিক্ষার্থীদের উদ্দেশ্যে শেফালী বেগমের বক্তব্য তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩. সুমন সাহেব ঢাকা শহরে এসে গুলশান আবাসিক এলাকায় বেড়াতে গেলেন। গুলশান এলাকার স্থাপনাগুলোর নির্মাণশৈলী দেখে অবাক হন এবং তার গ্রামে ঐভাবে একটা বাড়ি তৈরির কথা চিন্তা করেন।

ক. নবোপলীয় যুগ কী? ১
খ. রোমানদের গুরুত্বপূর্ণ অবদানটি ব্যাখ্যা করো। ২
গ. গুলশান আবাসিক এলাকার স্থাপত্য বৈশিষ্ট্যের সাথে কোন সভ্যতার মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের দ্বিতীয় অংশে যে সভ্যতার কথা বলা হয়েছে, তারা কীসের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে?"– মতামত দাও। ৪


৪. সবুজ সাহেব তার মেয়ে উষ্ণকে নিয়ে শীতের ছুটিতে বগুড়া ও দিনাজপুর বেড়াতে যান। তিনি মেয়েকে বলেন, অতীতে এসব এলাকা অত্যন্ত সমৃদ্ধ ছিল। এদিকে লাবনী তার মামার সাথে কুয়াকাটা বেড়াতে যায়। সেখানকার প্রাকৃতিক সৌন্দর্যে তারা মুগ্ধ হয়। মামা লাবনীকে বলেন, বাংলাদেশের এই অঞ্চল এক সময় খুব শক্তিশালী ছিল।

ক. তাম্রলিপ্ত জনপদ কোথায় অবস্থিত? ১
খ. গৌড় জনপদের বিবরণ দাও। ২
গ. উদ্দীপকে সবুজ সাহেবের দেখা স্থানগুলো কোন জনপদের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. লাবনীর দেখা কুয়াকাটায় প্রাচীন বাংলার কোন জনপদের চিত্র ফুটে উঠেছে? বিশ্লেষণ করো। ৪

৫. লিনু দয়ারামপুরে শিক্ষা সফরে যায়। সেখানে গিয়ে জানতে পারে, রিশুল নামে এক জাতি একটি জনপদ গড়ে তুলেছিল। তাদের রাজধানীর নাম ছিল রিশুলনগর। রিশুলনগরই ছিল প্রাচীন ও সমৃদ্ধ জনপদ। পাথরের চাকতিতে খোদাই করা প্রাচীন প্রস্তরলিপি এই নগরেই পাওয়া যায়।

ক. জনপদ কাকে বলে? ১
খ. বাংলাদেশের মানুষ কেন সংগ্রাম করে? ২
গ. দয়ারামপুরের রিশুল জাতির সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন জাতির মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, রিশুলনগর জনপদ পুন্ড্র জনপদের সাথে সাদৃশ্যপূর্ণ? উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

৬.



ক. 'ব্যালট বিপ্লব' কী? ১
খ. মুসলিম লীগ কীভাবে জনবিচ্ছিন্ন হতে শুরু করে ? ২
গ. উদ্দীপকের চিত্র কোন ঘটনার সাক্ষ্য বহন করে? বর্ণনা করো । ৩
ঘ. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ে উক্ত ঘটনার কোনো প্রভাব আছে কি? মতামত দাও।৪

৭. নিলয়ের বাবা একজন শিক্ষক। গ্রামের বিভিন্ন অনুষ্ঠান যেমন– বিয়ে, পূজা প্রভৃতি পরিচালনা করেন। নিলয়ের বাবা ও কাকা একসাথে থাকেন। অন্যদিকে নিলয়ের বন্ধু ধীরেনের বাবা কৃষিকাজ করেন। ধীরেনের বাবা তার বন্ধুদের সাথে তার মেলামেশা পছন্দ করে না। ওদের পরিবারের সবাই মাছ, মাংস, শাক, দুধ ইত্যাদি খাবার সবসময় খেলেও তার ঠাকুরদা মারা যাওয়ার পর তার ঠাকুরমা শুধু নিরামিষ খায়।

ক. সতীদাহ প্রথা কী? ১
খ. মধ্যযুগে হিন্দু সম্প্রদায়ের সকল বর্ণের লোকদের মেলামেশার অধিকার ছিল না কেন? ২
গ. নিলয়ের বাবা প্রাচীন বাংলার কোন শ্রেণির প্রতিনিধিত্ব করছে? ব্যাখ্যা করো।৩
ঘ. উদ্দীপকটি 'প্রাচীন বাংলারই সামাজিক প্রতিচ্ছবি'– বক্তব্যটি বিশ্লেষণ করো।৪

৮. জনাব মাহমুদ বিদেশে গিয়ে আধুনিক শিক্ষায় শিক্ষা লাভ করে গ্রামে ফিরে দেখেন, সেখানকার লোকজন বিভিন্ন কুসংস্কারে লিপ্ত। এসব দেখে জনাব মাহমুদ ব্যথিত হন এবং সকলকে আল্লাহর নির্দেশ মেনে চলতে বলেন।

ক. আমির আলি কোন সমিতি প্রতিষ্ঠা করেন? ১
খ. বিশ শতকের শুরুতে বাঙালি মুসলমান মেয়েদের অবস্থা কেমন ছিল? ২
গ. জনাব মাহমুদের মধ্যে ইতিহাসের কোন মনীষীর চরিত্রের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের কার্যক্রম ছাড়াও উক্ত মনীষীর আর কী কী কার্যক্রম পরিলক্ষিত হয়? বিশ্লেষণ করো। ৪

৯. দৃশ্য-১: বাশার আহমেদ ১৯৭১ সালে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে উচ্চতর শিক্ষা অর্জনের জন্য যুক্তরাজ্যে যান। এর কিছুদিন পরই পাকিস্তানি সেনাবাহিনী বাঙালির ওপর হত্যাযজ্ঞ চালায়। তারই প্রতিবাদে তিনি ব্রিটিশ পার্লামেন্ট ভবনের সামনে আমরণ অনশন শুরু করেন। তিনি যুক্তরাজ্য সরকারের প্রতি দাবি জানিয়েছিলেন নৃশংসতা বন্ধের জন্য পাকিস্তানের ওপর চাপ সৃষ্টি করতে ।

দৃশ্য-২: মুক্তিযুদ্ধের সময় কবি শামসুর রাহমান 'মজলুম আদিব' ছদ্মনামে লিখতেন। তার 'স্বাধীনতা তুমি', 'তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা', 'বন্দী শিবির থেকে' কবিতাগুলো ১৯৭১ সালে প্রকাশিত হয়। তিনি রাইফেল দিয়ে যুদ্ধ করেননি। কিন্তু কলম দিয়ে জাগিয়ে তুলেছিলেন লক্ষ প্রাণ ।

ক. 'আইনগত কাঠামো আদেশ' কী? ১
খ. কোন বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো অপারেশন সার্চলাইটের অন্যতম লক্ষ্য ছিল? ২
গ. বাশার আহমেদের ভূমিকা বাংলাদেশের মুক্তিযুদ্ধে কাদের অবদানকে মনে করিয়ে দেয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো, কবি শামসুর রাহমানের অবদান আমাদের স্বাধীনতা অর্জনকে ত্বরান্বিত করেছে? ৪

১০. দৃশ্যপট-১: বন্যার কারণে গোমতী নদীতে ভাঙন দেখা দেয়। গোমতী নদীর ভাঙনে ১০টি প্রাথমিক বিদ্যালয়, দুটি মাধ্যমিক বিদ্যালয়, ৩টি মাদ্রাসা ও ২টি কলেজ সম্পূর্ণরূপে ভেঙে পড়ে। স্থানীয় মাননীয় সাংসদ এই শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পুনঃনির্মাণ ও সংস্কারের কাজ করেন।

দৃশ্যপট-২: আফ্রিকার দক্ষিণের দেশ সুদান। সম্প্রতি দেশটি স্বাধীন হয়। দেশটির সরকার প্রধান সাহায্যের জন্য বিভিন্ন দেশের প্রতি আহ্বান জানান। স্বাধীন দেশটির সরকার প্রধান পারস্পরিক শান্তিপূর্ণ সহাবস্থান থেকে বন্ধুত্বের হাত বাড়িয়ে দিতেও জোর আহ্বান জানান।

ক. গণপরিষদের একমাত্র কাজ কী? ১
খ. সংসদীয় সরকারকে জবাবদিহিতামূলক সরকার বলা হয় কেন? ২
গ. দৃশ্যপট-১ যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ পুনর্গঠনের কোন কার্যক্রমকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "বাংলাদেশকে বিভিন্ন রাষ্ট্রের স্বীকৃতি আদায় ও আন্তর্জাতিক সহায়তা আনয়ন দৃশ্যপট-২ এর ঘটনার প্রতিফলন।" তুমি কি একমত? তোমার মতামত দাও। ৪

১১.

| ক্রমিক নং | স্থাপত্য কীর্তির নাম | অবস্থান |
|---|---|---|
| ১. | আদিনা মসজিদ | গৌড় |
| ২. | ষাটগম্বুজ মসজিদ | বাগেরহাট |

ক. চেহেল সেতুন কী? ১
খ. 'এক লাখি মসজিদ' বলতে কী বোঝায় ? ২
গ. ক্রমিক নং-১ এর স্থাপত্যটির বর্ণনা দাও। ৩
ঘ. বিশ্বসভ্যতার নিদর্শন হিসেবে উদ্দীপক '২' কীভাবে স্বীকৃত? বিশ্লেষণ করো।৪

মডেল টেস্ট- ০৫

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম

**সময় : ৩০ মিনিট** **বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা** **মান : ৩০**

[**দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

**১. আগরতলা মামলা দায়ের করা হয় কত সালে?**
K ১৯৫৪ L ১৯৫৬ M ১৯৬৮ N ১৯৬৯

**২. ট্রয় নগরী কোন সভ্যতার নিদর্শন?**
K ইজিয়ান L মিশরীয় M সিন্ধু N মেসোপটেমীয়

**৩. জনপদ শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়?**
K সমভূমি L উপকূলীয় এলাকা M লোকালয় N পাহাড়ি অঞ্চল

**৪. গুপ্ত বংশের কোন শাসক সমগ্র বাংলা জয় করেন?**
K প্রথম চন্দ্রগুপ্ত L সমুদ্রগুপ্ত M দ্বিতীয় চন্দ্রগুপ্ত N ত্রৈলোক্যচন্দ্রগুপ্ত

**৫. মৌর্য শাসন প্রতিষ্ঠিত হয়–**
i. উত্তর বঙ্গ ii. কর্ণসুবর্ণ (মুর্শিদাবাদ) iii. তাম্রলিপ্ত (হুগলি)
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. মুঘল প্রদেশগুলো পরিচিত ছিল কী নামে?**
K জায়গির L সুবা M পরগণা N জেলা

**৭. 'ছোট কাটরা' কে নির্মাণ করেন?**
K শাহ সুজা L শায়েস্তা খান M মীর জুমলা N মুর্শিদকুলি খান

**৮. ১৫৭৯ সালে পর্তুগীজরা কোথায় উপনিবেশ গড়ে তোলে?**
K হুগলীতে L সন্দ্বীপে M চট্টগ্রামে N ঢাকায়

**৯. পলাশির যুদ্ধের প্রধান কারণ কী?**
K নবাবের অদূরদর্শিতা L নবাবের অযোগ্যতা
M নবাবের হটকারিতা N পারিবারিক ও বাহ্যিক ষড়যন্ত্র

**১০. বক্সারের যুদ্ধের ফলাফল হচ্ছে–**
i. প্রত্যক্ষ ঔপনিবেশিক শাসন শুরু ii. নবাবি আমলের পরিসমাপ্তি
iii. ইংরেজদের মর্যাদা ও শক্তি বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১১. ইশতিয়াক একটি আইনের কথা বলেন, এই আইনের কঠোরতায় অনেক জমিদারি ধ্বংস হয়ে যায়। ইশতিয়াক কোন আইনের প্রতি ইঙ্গিত করেছেন?**
K পারিবারিক আইন L সূর্যাস্ত আইন
M মুসলিম আইন N বাণিজ্যিক আইন

**১২. মহসীন ইসলাম অননুমোদিত সব বিশ্বাস, আচার-আচরণ ও অনুষ্ঠান ত্যাগ করে ইসলাম ধর্মে যা অবশ্য করণীয় তা পালনের নির্দেশ দেন। এটি কার মতাদর্শের সাথে সামঞ্জস্যপূর্ণ?**
K হাজী মুহম্মদ মহসীনের L হাজী শরীয়তউল্লাহর
M হাজী রহিম আলির N তিতুমিরের

**১৩. ভারতের প্রথম আধুনিক পুরুষ কে ছিলেন?**
K রবীন্দ্রনাথ ঠাকুর L রাজা রামমোহন রায়
M ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর N সুনীল গঙ্গোপাধ্যায়

**১৪. মাসুদ তিতুমিরের প্রধান ঘাঁটি সম্পর্কে বলেন। মাসুদ তিতুমিরের কোন ঘাঁটির কথা উল্লেখ করেছেন?**
K আমবাড়িয়ার L নারিকেলবাড়িয়ার M মঠবাড়িয়ার N ব্রাহ্মণবাড়িয়ার

**১৫. ব্রিটিশরা এদেশ থেকে চলে যাওয়ার পর ভারত-পাকিস্তান বিভক্ত হয়ে পড়ে। এই বিভক্তির সাথে কোনটি জড়িত?**
K ভারত স্বাধীনতা আইন L সিপাহি বিদ্রোহ
M লাহোর প্রস্তাব N পলাশির যুদ্ধ

**১৬. 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' ঘোষিত হয় কত তারিখে?**
K ১৭ নভেম্বর, ১৯৫৬ L ১৭ নভেম্বর, ১৯৭২
M ১৭ নভেম্বর, ১৯৯৫ N ১৭ নভেম্বর, ১৯৯৯

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নম্বর প্রশ্নের উত্তর দাও :**

পাকিস্তানের প্রথম সংবিধান
↓ ↓ ↓ ↓
১৯৪৬ সাল | ১৯৪৭ সাল | ১৯৫০ সাল | ১৯৫৬ সাল

**১৭. ছকের কোনটি পাকিস্তানের প্রথম সংবিধান রচনার সালকে নির্দেশ করে?**
K ১৯৪৬ সাল L ১৯৪৭ সাল M ১৯৫০ সাল N ১৯৫৬ সাল

**১৮. ছকের ১৯৪৬ সালটি গুরুত্বপূর্ণ হওয়ার সমর্থনযোগ্য কারণ–**
K পাকস্তানের গণপরিষদ গঠন হয় L গণপরিষদ ভেঙে যায়
M মূলনীতি কমিটি গঠন হয় N মূলনীতি কমিটি রিপোর্ট পেশ করে

**১৯. ইস্কান্দার মির্জা কত সালে সামরিক শাসন জারি করেন?**
K ১৯৫২ L ১৯৫৪ M ১৯৫৬ N ১৯৫৮

**২০. মুক্তিবাহিনী ও ভারতীয় সেনাবাহিনীর সমন্বয়ে গঠিত হয়েছিল কোনটি?**
K মিত্রশক্তি L অক্ষ বাহিনী M যৌথ ফান্ড N যৌথ কমান্ড

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
'ক' সদ্য স্বাধীনতাপ্রাপ্ত একটি দেশ। স্বাধীনতা যুদ্ধে নেতৃত্ব দানকারী চার নেতাকে জেলখানায় হত্যা করা হয়।

**২১. 'ক' রাষ্ট্রের হত্যাকাণ্ডের সাথে বাংলাদেশের কোন হত্যাকাণ্ডের মিল পাওয়া যায়?**
K বঙ্গবন্ধু হত্যা, ১৯৭৫ L জেল হত্যা, ১৯৭৫
M জেল হত্যা ১৯৫১ N বুদ্ধিজীবী হত্যা, ১৯৭১

**২২. উক্ত হত্যার কারণ–**
i. ক্ষমতা সুসংহত করা ii. দেশকে আপাত নেতৃত্বশূন্য করা iii. দেশকে ধ্বংস করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৩. 'অস্থায়ী সংবিধান আদেশ' জারি করা হয় কখন?**
K ১০ জানুয়ারি, ১৯৭২ L ১১ জানুয়ারি, ১৯৭২
M ১২ জানুয়ারি, ১৯৭২ N ১৩ জানুয়ারি, ১৯৭২

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
গণতান্ত্রিক শাসনব্যবস্থায় স্বৈরাচারী শাসকের বিরুদ্ধে গণঅভ্যুত্থান একটি নিয়মিত ঘটনা। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের পূর্বে এবং পরে এমনই দুজন স্বৈরাচারী শাসকের বিরুদ্ধে গণঅভ্যুত্থান সংঘটিত হয়েছিল।

**২৪. উদ্দীপকে উল্লিখিত স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের পরের গণঅভ্যুত্থানটি কত সালে সংঘটিত হয়?**
K ১৯৭৫ L ১৯৮৫ M ১৯৯০ N ২০১১

**২৫. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের পূর্বের গণঅভ্যুত্থানটির ফলাফল ছিল–**
i. আইয়ুব খানের পতন ii. মোনায়েম খানের অপসারণ
iii. জেনারেল ইয়াহিয়া খানের ক্ষমতাপ্রাপ্তি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
মধ্যযুগে মুসলিম শাসকদের পৃষ্ঠপোষকতায় অনুবাদ সাহিত্যের ব্যাপক প্রচলন ঘটে। এমনই এক অনুবাদ সাহিত্য হলো 'ইউসুফ-জুলেখা' কাব্য। এই কাব্য অনুবাদের পৃষ্ঠপোষকতাকারী সুলতানের সাথে পারস্যের কবি হাফিজের পত্রালাপ হতো।

**২৬. উদ্দীপকে বাংলার কোন সুলতানের কথা বলা হয়েছে?**
K শামসুদ্দিন ইলিয়াস শাহ L সিকান্দার শাহ
M গিয়াসউদ্দিন আজম শাহ N নাসির উদ্দিন মাহমুদ শাহ

**২৭. 'ইউসুফ-জুলেখা' কাব্যের বৈশিষ্ট্য হলো–**
i. এটি একটি প্রণয়মূলক কাব্য ii. এটি ফার্সি ভাষায় রচিত
iii. কাব্যটির অনুবাদকারী শাহ মুহম্মদ সগীর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৮. জাতীয় পরিষদের মোট সদস্য সংখ্যা কত ছিল?**
K ২১৩ L ৩১৩ M ৩৩০ N ৩৫০

**২৯. 'সম্বাদ কৌমুদী' পত্রিকার প্রকাশক কে ছিলেন?**
K মাইকেল মধুসূদন দত্ত L ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
M রাজা রামমোহন রায় N হাজী শরীয়তউল্লাহ

**৩০. ভারত ছাড় আন্দোলন শুরু হয় কেন?**
K জাপানের ভারত আক্রমণের আশঙ্কায় L বেঙ্গাল প্যাক্টের অবসানের কারণে
M দুর্ভিক্ষের কারণে N সরকারের নির্যাতনের কারণে

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | 1 | | 2 | | 3 | | 4 | | 5 | | 6 | | 7 | | 8 | | 9 | | 10 | | 11 | | 12 | | 13 | | 14 | | 15 | |
| | 16 | | 17 | | 18 | | 19 | | 20 | | 21 | | 22 | | 23 | | 24 | | 25 | | 26 | | 27 | | 28 | | 29 | | 30 | |

# পাঁচবিবি নছির মন্ডল (এন.এম.) সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট | **বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : সৃজনশীল প্রশ্ন** | মান : ৭০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. শিক্ষা সফরে সাদ যায় সিলেটের মাধবকুন্ডু দেখতে। আর সাবিক যায় মহাস্থানগড় দেখতে।
ক. চন্দ্রদ্বীপের বর্তমান নাম কী? ১
খ. বঙ্গ নামের উৎপত্তি হয় কীভাবে? ২
গ. সিলেট প্রাচীন বাংলার কোন জনপদের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. "মহাস্থানগড় প্রাচীন বাংলার সবচেয়ে সমৃদ্ধ জনপদ"– বিশ্লেষণ করো। ৪

২.

| |
|---|
| হায়ারোগ্লিফিক |
| প্যাপিরাস |
| রসেটা স্টোন |

ক. নবোপলীয় যুগ কাকে বলে? ১
খ. 'মিশর নীলনদের দান'। উক্তিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত তথ্যগুলো মিশরীয় সভ্যতার কোন অবদান কে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. মিশরীয় সভ্যতা কি শুধু উক্ত অবদানেই সীমাবদ্ধ ছিল? তোমার মতামত দাও। ৪

৩. ঢাকা শহরের উত্তর-পশ্চিমে স্থপতি মঈনুল হোসেন একটি স্থাপনা নির্মাণ করেন, যা ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের কথা স্মরণ করিয়ে দেয়।
ক. জাতীয় সংগীতের রচয়িতা কে? ১
খ. ১৯৭০ সালের নির্বাচনের গুরুত্ব বর্ণনা করো। ২
গ. মঈনুল হোসেনের স্থাপনাটি সম্পর্কে আলোচনা করো। ৩
ঘ. "স্থাপনাটির সাতটি জোড়া মূলত বাঙালির গৌরবময় সংগ্রামের প্রতীক"– বিশ্লেষণ করো। ৪

৪. আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি আমি কি ভুলতে পারি।
ক. মৌলিক গণতন্ত্রের প্রবর্তক কে? ১
খ. আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের গুরুত্ব কী? ২
গ. উদ্দীপকটি যে আন্দোলনকে স্মরণ করিয়ে দেয়– সে আন্দোলনের পটভূমি ব্যাখ্যা করো। ৩
ঘ. "উক্ত আন্দোলনই বাঙালির স্বাধীনতা অর্জনের প্রথম সোপান।"– উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৫.

| স্থাপত্যকীর্তি |
|---|
| ১. আদিনা মসজিদ |
| ২. হোসেনী দালান |
| ৩. ষাটগম্বুজ মসজিদ |
| ৪. বাবা আদমের মসজিদ |

ক. সতীদাহ প্রথা কী? ১
খ. কদম রসুল কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত নিদর্শনসমূহ কোন যুগের? আদিনা মসজিদের স্থাপত্যশৈলী বর্ণনা করো। ৩
ঘ. তুমি কি মনে করো, ষাটগম্বুজ মসজিদ স্থাপত্যশৈলীর দিক দিয়ে ব্যতিক্রমধর্মী? ব্যাখ্যা করো। ৪

৬. বিলাস ইউনিয়নের কয়েকটি গ্রামে হিন্দু-মুসলিম সম্প্রীতি বজায় রেখে বসবাস করছিল। কিন্তু ইউনিয়ন পরিষদের নির্বাচন নিয়ে উভয়ের সম্প্রীতিতে ভাঙন দেখা দেয়।
ক. ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম সংঘটিত হয় কত সালে? ১
খ. সশস্ত্র বিপ্লবী আন্দোলন সংঘটিত হয় কেন? ২
গ. উদ্দীপকের বিষয়টি বাংলার স্বাধিকার আন্দোলনের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. হিন্দু-মুসলমানদের মধ্যে উক্ত ঘটনার প্রতিক্রিয়া বিশ্লেষণ করো। ৪

৭. আজমল ও কাদের দুই বন্ধু। আজমলের বিয়ের বাজার করতে দুজনেই ঢাকার নিউমার্কেটে যায়। আজমল সব দেশীয় পণ্য কিনতে চাইলে কাদের বাধা দেয় । সে বিদেশি পণ্য কিনতে আগ্রহী।
ক. সশস্ত্র বিপ্লবী আন্দোলন ব্যর্থ হয়েছিল কেন? ১
খ. বয়কট আন্দোলনের প্রধান উদ্দেশ্য কী ছিল? ব্যাখ্যা করো। ২
গ. আজমল ইতিহাসের কোন আন্দোলনে অনুপ্রাণিত হয়ে তার বিয়েতে দেশীয় পণ্য কিনতে আগ্রহী হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. কাদেরের মনোভাব আমাদের দেশীয় শিল্প বিকাশের অন্তরায়– উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

৮. আরমান ও তার সঙ্গীরা মুক্তিযুদ্ধের সময় হঠাৎ আক্রমণ করে পালিয়ে যেত। এইভাবে তারা পাক হানাদার বাহিনীকে অনেক জায়গায় পরাজিত করে বাংলার স্বাধীনতা অর্জনের পথকে সহজ করেছিল।
ক. বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা দেন কখন? ১
খ. ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণের গুরুত্ব আলোচনা করো। ২
গ. আরমান মুক্তিযুদ্ধে কোন বাহিনীর সদস্য ছিলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. আরমান ও তার সঙ্গীরা এদেশের শ্রেষ্ঠ সন্তান– মূল্যায়ন করো। ৪

৯.

| | | | |
|---|---|---|---|
| ১৯৫২ | শহিদ মিনার | প্রভাতফেরি | আন্তর্জাতিক স্বীকৃতি |

ক. মুজিবনগর স্মৃতিসৌধের স্থপতি কে? ১
খ. বাংলাদেশের জাতীয় পতাকার বর্ণনা দাও। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি বাংলার ইতিহাসের কোন ঘটনাকে নির্দেশ করে? বর্ণনা করো। ৩
ঘ. স্বাধীন বাংলাদেশ সৃষ্টির পিছনে উক্ত ঘটনার প্রভাব ছিল অপরিসীম– বিশ্লেষণ করো। ৪

১০.

| | |
|---|---|
| ১ | ১৯৭০ সাল– পাকিস্তানের প্রাদেশিক ও জাতীয় পরিষদের নির্বাচন। |
| ২ | ৭ই মার্চ, ১৯৭১ সাল– বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ। |
| ৩ | ১০ই এপ্রিল, ১৯৭১– মুজিবনগর সরকার গঠন। |
| ৪ | ১৬ ডিসেম্বর, ১৯৭১ সাল– মুক্তিযুদ্ধের বিজয় অর্জন। |

ক. 'অপারেশন সার্চলাইট' বলতে কী বোঝ? ১
খ. জাতীয় স্মৃতিসৌধ নির্মিত হয় কেন? ২
গ. বাংলাদেশের মুক্তিযুদ্ধ সংঘটনে উদ্দীপকের ১ ও ২ নং ঘটনার ভূমিকা কতটুকু? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ৩ নং ছাড়া ৪নং অর্জন কখনোই সম্ভব ছিল না তুমি কি উক্তিটির সাথে একমত পোষণ কর? যুক্তি দাও। ৪

১১.

| ক | খ |
|---|---|
| মুদ্রা | দলিল |
| শিলালিপি | বই |
| তাম্রলিপি | অর্থশাস্ত্র |

ক. ঐতিহ্য কাকে বলে? ১
খ. ইতিহাসের স্বরূপ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের 'ক' কলাম ইতিহাসের কোন উপাদানকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ছক-খ এ ইতিহাসের কোন উপাদানটি নিয়ে আলোচিত হয়েছে? বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৬

# সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়

সময় : ৩০ মিনিট **বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা** মান : ৩০

[**দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

**১. হিস্টরিয়া শব্দটি প্রথম ব্যবহার করেন কে?**
K লিওপোল্ড ফন্ র‍্যাংকে L ই.এইচ.কার
M ড. জনসন N হেরোডোটাস

**২. পাল রাজবংশের প্রতিষ্ঠাতা গোপালের সিংহাসনে আরোহণের কল্পকাহিনি রচনা করেন কে?**
K র‍্যাপসন L জনসন M লামা তারনাথ N আবুল ফজল

**৩. প্রাচীনকালে তম্রলিপ্ত গুরুত্বপূর্ণ নৌবাণিজ্যের কেন্দ্র হিসেবে পরিচিত হয়–**
i. এলাকাটি সমুদ্র উপকূলবর্তী হওয়ায় ii. এলাকাটির অবস্থান নিচু হওয়ায়
iii. এলাকাটির আবহাওয়া আর্দ্র হওয়ায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৪. বর্তমান কোন জেলা প্রাচীন চন্দ্রদ্বীপ জনপদ নামে পরিচিত ছিল?**
K বরিশাল L নোয়াখালী M যশোর N সিলেট

**৫. বাংলায় সেন বংশের প্রতিষ্ঠা করেন কে?**
K সামন্ত সেন L হেমন্ত সেন M বল্লাল সেন N বিজয় সেন

**৬. আর্য সমাজে ক্ষত্রিয়ের পেশা কী ছিল?**
K পূজা-পার্বণ করা L যুদ্ধ করা M কৃষিকাজ করা N ব্যবসা-বাণিজ্য করা

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
লরেন্স এর দেশের শিক্ষার একটি বিরাট অংশজুড়ে ছিল যুদ্ধ ও বীরদের স্মৃতিকথা। তবে অভিজাত যুবকরা তাঁর দেশের বিখ্যাত বিদ্যাপিঠে শিক্ষা লাভ করতে পারত।

**৭. লরেন্স এর দেশের শিক্ষা ব্যবস্থার সাথে কোন প্রাচীন সভ্যতার মিল লক্ষ করা যায়?**
K রোমান L মিশরীয় M গ্রিক N সিন্ধু

**৮. উক্ত সভ্যতার অনুকরণীয় বৈশিষ্ট্য ছিল–**
i. সামরিক বিদ্যা ii. আইন বিদ্যা iii. প্রকৌশল বিদ্যা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**৯. ভারত উপমহাদেশের সবচেয়ে প্রাচীন স্থাপত্যের নিদর্শন কোনটি?**
K মন্দির L স্তূপ M সংঘ N বিহার

**১০. খলজি মালিকদের মধ্যে সর্বশ্রেষ্ঠ কে ছিলেন?**
K বখতিয়ার খলজি L মুহম্মদ শিরান খলজি
M গিয়াসউদ্দিন ইওজ খলজি N হুসামউদ্দিন খলজি

**১১. কার শাসনামলে শ্রীচৈতন্যদেব বৈষ্ণব ধর্মের প্রবর্তন করেন?**
K আলাউদ্দিন হুসেন শাহ L সিকান্দার শাহ
M ইউসুফ শাহ N ফতেহ শাহ

**১২. সম্রাট হুমায়ুন বাংলার নামকরণ জান্নাতাবাদ করেন–**
i. চমৎকার প্রাসাদ দেখে ii. প্রাকৃতিক সৌন্দর্যে মুগ্ধ হয়ে
iii. চমৎকার আবহাওয়ার জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৩. বাংলায় কররানি আফগানদের রাজধানী কোথায় ছিল?**
K গৌড়ে L মালদহে M মুর্শিদাবাদে N তাণ্ডায়

**১৪. মুঘলযুগে দিউয়ানের কাজ ছিল–**
i. শাসন কাজ পরিচালনা করা ii. অর্থনৈতিক ব্যবস্থা নিয়ন্ত্রণ করা
iii. রাজস্ব আদায় করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
বহুবছর ধরে মিঠুন কয়েকটি পাশ্চাত্য দেশের সাথে ব্যবসা করছেন। দেশে নিজ ব্যবসা প্রসারের জন্য তিনি নারায়ণগঞ্জে একটি অফিস খোলেন। ব্যাংকের মাধ্যমে তিনি বাণিজ্যিক লেনদেন পরিচালনা করেন।

**১৫. মিঠুনের ব্যবসার প্রসারে বাংলার কোন যুগের সাথে মিল পাওয়া যায়?**
K মুঘল L সুলতানি M পাল N সেন

**১৬. বাণিজ্যিক প্রসারের লক্ষ্যে সে যুগে কীসের বিকাশ ঘটে?**
K বস্ত্র শিল্পের L ক্ষুদ্র শিল্পের
M ব্যাংকিং খাতের N রপ্তানি বাণিজ্যের

**১৭. গৌড়ের ছোট সোনা মসজিদ নির্মাণ করেন কে?**
K সিকান্দার শাহ L হুসেন শাহ
M খান জাহান আলী N ওয়ালি মুহম্মদ

**১৮. টোলে কোন ভাষার শিক্ষা গ্রহণ করা হতো?**
K বাংলা L আরবি M সংস্কৃত N ফার্সি

**১৯. জব চার্নক কত টাকার বিনিময়ে কলকাতা, সুতানটি ও গোবিন্দপুর গ্রামের জমিদারিস্বত্ব লাভ করেন?**
K ১০০০ টাকা L ১২০০ টাকা M ১৪০০ টাকা N ১৬০০ টাকা

**২০. হুগলী জেলায় জন্মগ্রহণকারী ভারতের খ্যাতনামা সমাজ সংস্কারক–**
i. রাজা রামমোহন রায় ii. হাজী মুহম্মদ মহসীন
iii. সৈয়দ আমির আলি
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**২১. ১৯৫৪ সালে গঠিত যুক্তফ্রন্ট সরকার কতদিন এদেশে শাসনের সুযোগ পায়?**
K ৩০ দিন L ৪৬ দিন M ৫০ দিন N ৫৬ দিন

**২২. আইয়ুব খানের মৌলিক গণতন্ত্র প্রবর্তনের মূল কারণ কী?**
K ক্ষমতা বিকেন্দ্রীকরণ L ক্ষমতা কুক্ষিগতকরণ
M জনসচেতনতা সৃষ্টি N অবাধ নির্বাচন অনুষ্ঠান

**২৩. কার মধ্যস্থতায় 'তাসখন্দ' চুক্তি স্বাক্ষরিত হয়?**
K সোভিয়েত প্রধানমন্ত্রী L ভারতীয় প্রধানমন্ত্রী
M চীনা প্রধানমন্ত্রী N ব্রিটিশ প্রধানমন্ত্রী

**২৪. 'অপারেশন সার্চলাইটের' নীলনকশা তৈরি করেন–**
i. ইয়াহিয়া খান ii. টিক্কা খান iii. রাও ফরমান আলী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
চা বাগানের শ্রমিকবৃন্দ মজুরি বৃদ্ধির দাবিতে আন্দোলন শুরু করে। এক পর্যায়ে তারা অবরোধ ও ভাঙচুরের মতো কর্মসূচি পালন করে। অবস্থা বেগতিক দেখে শ্রমিক নেতা হীরালাল তাদেরকে সহিংস আন্দোলন বর্জন করে নিয়মতান্ত্রিক আন্দোলনের জন্য আহ্বান জানান।

**২৫. শ্রমিক নেতা হীরালাল কোন নেতার আদর্শে অনুপ্রাণিত হয়েছেন?**
K সূর্যসেন L মহাত্মা গান্ধী M সুভাষচন্দ্র বসু
N মতিলাল নেহেরু

**২৬. উক্ত নেতার কর্মকাণ্ডের মধ্যে ছিল–**
i. অসাম্প্রদায়িক চেতনা ii. সত্যাগ্রহ বন্দিদের মুক্তির দাবি
iii. নির্যাতনমূলক আইনের বিরুদ্ধে প্রতিবাদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৭. মুক্তিযুদ্ধে বীরত্বের স্বীকৃতিস্বরূপ কয়জন নারী বীরপ্রতীক খেতাব অর্জন করেন?**
K দুই জন L তিন জন M চার জন N পাঁচ জন

**২৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রধানমন্ত্রী হিসেবে কার কাছে শপথ গ্রহণ করেন?**
K বিচারপতি আবু সাঈদ চৌধুরী L বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম
M বিচারপতি সাত্তার N বিচারপতি আহসান উদ্দিন চৌধুরী

**২৯. প্রধানমন্ত্রী মনসুর আলী কত তারিখে গ্রেফতার হন?**
K ১৭ আগস্ট L ১৮ আগস্ট M ১৯ আগস্ট N ২০ আগস্ট

**৩০. বাংলাদেশের প্রথম জাতীয় পতাকার ডিজাইন করেন কে?**
K ধীরেন্দ্রনাথ দত্ত L কামরুল হাসান
M শিবনারায়ণ দাস N রফিকুন নবী

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | 1 | | 2 | | 3 | | 4 | | 5 | | 6 | | 7 | | 8 | | 9 | | 10 | | 11 | | 12 | | 13 | | 14 | | 15 | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 16 | | 17 | | 18 | | 19 | | 20 | | 21 | | 22 | | 23 | | 24 | | 25 | | 26 | | 27 | | 28 | | 29 | | 30 | |

# নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : সৃজনশীল প্রশ্ন** মান : ৭০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. রীতু তার দাদার সাথে মহাস্থানগড় জাদুঘর পরিদর্শনে যায়। সেখানে সে পাল আমলের কিছু পয়সা, পাথরে খোদাই করা লিপি, কিছু সমরাস্ত্র এবং শাসকদের ব্যবহৃত বিভিন্ন জিনিসপত্র দেখতে পায়। নাতনির আগ্রহ দেখে দাদা বললেন, তার সংগ্রহে ঐ আমলের কিছু বইপত্র আছে। রীতু ফিরে এসে দাদার কাছ থেকে বইগুলো সংগ্রহ করে আগ্রহ সহকারে পড়া শুরু করে এবং তার ভাইকেও তা পড়ার জন্য উদ্‌বুদ্ধ করে।

ক. লিখিত ইতিহাসের বয়স কত? ১

খ. ইতিহাসের বিষয়বস্তু বলতে কী বোঝায়? ২

গ. মহাস্থানগড় জাদুঘরে রীতু ইতিহাসের কোন ধরনের উপাদান দেখতে পেল? ব্যাখ্যা করো। ৩

ঘ. রীতুর মনোভাব আমাদের ঐতিহ্য রক্ষা ও জাতীয়তাবোধ উন্মেষের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে কি তুমি মনে করো? তোমার মতামত দাও। ৪

২. কবি মীর গুল একটি নিবন্ধে পাকিস্তান আমলের একটি শাসন ব্যবস্থা সম্পর্কে লিখেছিলেন। এটি ছিল চার স্তরবিশিষ্ট এমন এক ধরনের সীমিত গণতান্ত্রিক ব্যবস্থা, যাতে কেবল নির্দিষ্টসংখ্যক লোকের প্রেসিডেন্ট নির্বাচন করার অধিকার ছিল।

ক. COP এর পূর্ণরূপ লিখো। ১

খ. ১৯৫৮ সালের সামরিক শাসন সম্পর্কে লিখো। ২

গ. উদ্দীপকে কবি মীর গুল যে শাসন ব্যবস্থা সম্পর্কে বলেছেন তা পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. "উক্ত শাসন ব্যবস্থায় জনগণের তেমন কোনো দায়িত্বই ছিল না?" তুমি কি এ বক্তব্যের সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩. ১৯৬৬ সালে একজন বীর নেতা একটি কর্মসূচি ঘোষণা করেন। কর্মসূচিটি ছিল, ঐ দেশের জনগণের স্বৈরতান্ত্রিক শাসন ও শোষণ থেকে মুক্তিলাভের উপায়, মুক্তির সনদ এবং জাতীয়তাবাদের মূর্ত প্রতীক।

ক. পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয় কোন প্রস্তাব অনুসারে? ১

খ. আগরতলা মামলার নামকরণ কী এবং কেন করা হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কর্মসূচির সাথে পাকিস্তানি শাসনামলের কোন ঘটনার মিল পাওয়া যায়? ৩

ঘ. উক্ত কর্মসূচি ছিল বীর বাঙালির মুক্তির সনদ– বিশ্লেষণ করো। ৪

৪. রীতি প্রাচীন সভ্যতা সম্পর্কে পড়ছিল। এই সভ্যতার শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মীয় ও নৈতিক শিক্ষার প্রতি গুরুত্ব দেওয়া হতো। তাদের মূল উদ্দেশ্য আনুগত্য ও শৃঙ্খলা শিক্ষা দেওয়া। দাস ও মেয়েরা প্রতিষ্ঠানে গিয়ে লেখাপড়া করতে পারত না। ইতিহাস ও সাহিত্যের ক্ষেত্রে এই প্রাচীন সভ্যতার সৃষ্টি আজও মানব সমাজের মূল্যবান সম্পদ।

ক. কোন রাজা রোম নগরী প্রতিষ্ঠা করেন? ১

খ. হায়ারোগ্লিফিক বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে প্রাচীন কোন সভ্যতার শিক্ষা ব্যবস্থার কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ইতিহাস ও সাহিত্যের ক্ষেত্রে উক্ত সভ্যতার অবদান ছিল অপরিসীম– বিশ্লেষণ করো। ৪

৫. সিহাব নোয়াখালী জেলার বাসিন্দা। সে তার কুমিল্লার বন্ধু রোহানকে নিয়ে সম্প্রতি ভারতের ত্রিপুরা ও চব্বিশ পরগনা জেলা ঘুরে এসেছে। রোহানের প্রাচীন বাংলার ইতিহাস সম্পর্কে খুব ভালো জানাশোনা ছিল। তাই সে সিহাবকে জানায়, তাদের ভ্রমণকৃত অঞ্চল এবং তাদের বসবাসকারী অঞ্চল প্রাচীন বাংলার একটি জনপদের অন্তর্গত ছিল। পরবর্তীতে দুই বন্ধু মিলে বগুড়া, দিনাজপুর ও রাজশাহী জেলায় ভ্রমণ করার পরিকল্পনা করে।

ক. তাম্রলিপ্ত কোথায় অবস্থিত? ১

খ. চন্দ্রদ্বীপের প্রাণকেন্দ্র সম্পর্কে বুঝিয়ে লেখ। ২

গ. সিহাব ও রোহানের ভ্রমণকৃত অঞ্চলটিতে বিস্তৃত প্রাচীন বাংলার জনপদটির বিবরণ দাও। ৩

ঘ. সিহাব ও রোহান পরবর্তীতে যে স্থানগুলোতে ভ্রমণের পরিকল্পনা করে সে স্থানগুলো কোন জনপদে অবস্থিত? তাদের ভ্রমণকৃত অঞ্চলের সাথে পরবর্তীতে ভ্রমণের অঞ্চলের সাথে পার্থক্য বিশ্লেষণ করো। ৪

৬. শশাংকের পরবর্তী শতাব্দীকাল বাংলার ইতিহাসে এক হতাশার যুগ। এই সময় কোনো স্থায়ী শাসন গড়ে ওঠেনি। এই সময় অরাজকতার মধ্য দিয়েই একটি নতুন শাসনামলের অভ্যুদয় ঘটে। বর্তমান নওগাঁ জেলার পাহাড়পুর নামক স্থানে উক্ত শাসনামলের একটি বিশাল বিহার রয়েছে। এই স্থাপত্যটি জাতিসংঘের ইউনেস্কো কর্তৃক বিশ্বসভ্যতার নিদর্শন হিসেবে স্বীকৃত।

ক. মৌর্য বংশের প্রতিষ্ঠাতা কে? ১

খ. 'গঙ্গারিডই' রাজ্য সম্পর্কে লিখ। ২

গ. উদ্দীপকে কোন বংশের শাসনামলের কথা বলা হয়েছে? বাংলায় উক্ত শাসনের প্রভাব বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিহারটি কোন শাসকের আমলে নির্মিত? তিনিই ছিলেন উক্ত বংশের রাজাদের মধ্যে অন্যতম-উক্তিটির সপক্ষে তোমার মতামত দাও। ৪

৭. কনা তার দাদুর নিকট থেকে একটি দেশের স্বাধীনতা অর্জনকালীন সরকারের ইতিহাস শুনছিল। তার দাদু বলেন, দেশটির সংকটময় মুহূর্তে ওই সরকারের দায়িত্বশীলদের কর্মকাণ্ড ছিল প্রশংসনীয় এবং এ সরকার নিরাপত্তার কথা চিন্তা করে তাদের প্রধান কার্যালয় অন্যদেশে সরিয়ে নিয়েছিল।

ক. শিখা চিরন্তন কোথায় অবস্থিত? ১

খ. 'অপারেশন সার্চলাইট' বলতে কী বোঝায় ? ২

গ. উদ্দীপকে পাঠ্যপুস্তকের কোন সরকারের পরিচয় ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপক দ্বারা নির্দেশিত সরকারের কার্যক্রম বিশ্লেষণ করো। ৪

৮. একটি সবুজ মলাটের গ্রন্থ দেখিয়ে শিক্ষক জনাব রহমান বললেন, এর পিছনে রয়েছে বহু ত্যাগ আর সংগ্রামের ইতিহাস। এটি একটি রাষ্ট্রের সর্বোচ্চ দলিল। এটা লিখিত ও দুষ্পরিবর্তনীয়। এটি বাংলা ও ইংরেজি ভাষায় রচিত।

ক. স্বাধীন বাংলাদেশে প্রথম সাধারণ নির্বাচন কত তারিখে হয়? ১

খ. প্রথম পাঁচসালা পরিকল্পনা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে শিক্ষক যে গ্রন্থটির পরিচয় দিয়েছেন সেটি রচনার পটভূমি ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত গ্রন্থটির বৈশিষ্ট্য পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন করো। ৪

৯. 'ক' দেশটির এক মহান নেতা সরকারের কাছে দাবি জানিয়েছেন, যেন দেশটির উত্তর-পশ্চিম এবং পূর্ব ভূ-ভাগের মুসলমান সংখ্যাগরিষ্ঠ অঞ্চলগুলোকে নিয়ে স্বাধীন রাষ্ট্রসমূহ গঠন করা হয়। এসব স্বাধীন রাষ্ট্রের সংশ্লিষ্ট অঙ্গরাষ্ট্রগুলো স্বায়ত্তশাসিত ও সার্বভৌম হয়।

ক. স্বত্ববিলোপ নীতি বাতিল করা হয় কবে? ১

খ. বাংলায় সশস্ত্র বিপ্লবী আন্দোলন ব্যর্থ হয় কেন? ২

গ. উদ্দীপকের দাবিগুলো ভারতবর্ষের কোন প্রস্তাবের প্রতিচ্ছবি? এর মূলকথা ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত প্রস্তাবের মধ্যেই স্বাধীন বাংলাদেশের বীজ নিহিত ছিল-বিশ্লেষণ করো। ৪

১০. রূপপুর ইউনিয়ন একটি বিশাল এলাকা হওয়ায় এলাকার আইন শৃঙ্খলা রক্ষা ও শাসনকার্য সুষ্ঠুভাবে পরিচালনা করা ছিল কঠিন কাজ। একসময় ইউনিয়নটি দুই ভাগে বিভক্ত হয়। কিন্তু মুসলিম সম্প্রদায় খুশি হলেও হিন্দু সম্প্রদায় এ বিভাজন মেনে নিতে পারেনি ।

ক. বাংলা চুক্তি কী? ১

খ. বসু-সোহরাওয়ার্দী চুক্তি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনাটি বাংলার স্বাধিকার আন্দোলনের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. হিন্দু ও মুসলমানদের মধ্যে উক্ত ঘটনার প্রতিক্রিয়া বিশ্লেষণ করো। ৪

১১. নেপালি নাগরিক রিদিতা শর্মা চিকিৎসা বিজ্ঞানে পড়াশোনার জন্য ঢাকা মেডিকেল কলেজে ভর্তি হয়। সে কলেজের সামনে স্থাপিত একটি স্মৃতিস্তম্ভ দেখতে পায়। বাংলাদেশি বন্ধুদের কাছ থেকে রিদিতা জানতে পারে, স্তম্ভটি একটি ঐতিহাসিক আন্দোলনের সাথে স্মৃতিবিজড়িত।

ক. দ্বিজাতি তত্ত্ব বলতে কী বোঝায়? ১

খ. তমদ্দুন মজলিশ কেন গঠন করা হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত স্মৃতিস্তম্ভ নির্মাণের পটভূমি ব্যাখ্যা করো। ৩

ঘ. স্মৃতিস্তম্ভের সাথে সম্পর্কিত আন্দোলনটি বাঙালিদের মধ্যে ঐক্য ও স্বাধীনতার চেতনা জাগিয়ে তুলেছিল– বিশ্লেষণ করো। ৪

## মডেল টেস্ট- ০৭

# বরগুনা জিলা স্কুল

সময় : ৩০ মিনিট **বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা** মান : ৩০

[**দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]


**১. "সমাজের জীবনই ইতিহাস"– উক্তিটি কার?**
K কলহনের L জনসনের
M টয়েনবির N এ.এইচ.কারের

**২. উনিশ শতকে ইতিহাসের মূল বিষয় ছিল কোনটি?**
K অর্থনীতি L কৃষি M রাজনীতি N পরিবেশ

**৩. পৃথিবীর বেশিরভাগ সভ্যতা কী কেন্দ্রিক?**
K মহাসাগর L নদী
M সাগর N হ্রদ

**৪. মিশরের পূর্ব নাম কী?**
K ইজিপ্ট L মেসোপটেমিয়া
M পারস্য N পিরামিড

**৫. নিচের ? স্থানে কী বসবে?**




K তাম্রলিপ্ত L চন্দ্রদ্বীপ M বরেন্দ্র N সমতট

**৬. বাংলার জনপদের অন্তর্ভুক্ত–**
i. দন্ডভুক্তি ii. উত্তর রাঢ় iii. দক্ষিণ রাঢ়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. ধর্মপাল কত বছর রাজত্ব করেন?**
K ৩৮ L ৩৯ M ৪০ N ৪১

**৮. 'দানসাগর' বইটির লেখক কে?**
K বল্লাল সেন L সন্ধ্যাকর নন্দী
M ইন্দ্রগুপ্ত N উমাপতি

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
আসিফ ঢাকায় লেখাপড়া করতে যাওয়ার সময় তার মা তাকে কোন কোন সময় খাদ্য গ্রহণ করা নিষেধ, কোন সময় বিদেশ যাত্রা করা নিষেধ এবং কোন কোন সময় কী কী কাজ করা উচিত তা বুঝিয়ে বলেন।

**৯. অনুচ্ছেদটি কোন আমলের সাথে সংগতিপূর্ণ?**
K প্রাক-প্রাচীন L প্রাচীন M মধ্য N আধুনিক

**১০. আসিফের মায়ের দেওয়া উপদেশের মূল উৎস কী?**
K ধর্মশাস্ত্র L সংস্কার M যুক্তিবোধ N আবেগ

**১১. ফখরুদ্দিন মুবারক কী ছিলেন?**
K ধর্মরক্ষক L সিপাহি M উজির N সেনাপ্রধান

**১২. হাবসি শাসন কত বছর স্থায়ী ছিল?**
K ছয় বছর L সাত বছর M আট বছর N নয় বছর

**১৩. মধ্যযুগে কৃষি বাংলার অর্থনৈতিক সমৃদ্ধির মূল উৎস ছিল। কারণ–**
i. প্রাকৃতিক আশীর্বাদ ii. ভূমির উর্বরতা iii. ফলনের প্রাচুর্যতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. ষাট গম্বুজ মসজিদের গম্বুজ সংখ্যা কতটি?**
K ৬০ L ৭০ M ৭৫ N ৮০

**১৫. কলকাতা নগরী কোন নদীর তীরে অবস্থিত?**
K করতোয়া L নাফ M গঙ্গা N ভাগীরথী

**১৬. 'অন্ধকূপ হত্যা' নামে মিথ্যা কাহিনি কে প্রচার করেন?**
K হলওয়েল L রবার্ট ক্লাইভ M ওয়াটসন N হান্টার

**১৭. সন্ন্যাসীদের নেতার নাম কী ছিল?**
K মজনু শাহ L ভবানী পাঠক
M চেরাগ আলী শাহ N মাদার বক্স

**১৮. কত সালে কৃত্রিম নীল আবষ্কৃত হয়?**
K ১৮৮২ L ১৮৯২ M ১৯০২ N ১৯১২

**১৯. 'দ্বি-জাতি তত্ত্বের' প্রবক্তা কে?**
K মোহাম্মদ আলী জিন্নাহ L জওহরলাল নেহেরু
M মহাত্মা গান্ধী N এ কে ফজলুল হক

**২০. স্বরাজ দলের সভাপতি ছিলেন–**
K সি. আর. দাস L মতিলাল নেহেরু
M সুভাষচন্দ্র বসু N গোপীনাথ

**২১. যুক্তফ্রন্ট মন্ত্রিসভা কতদিন শাসন করেছিল?**
K ৪৬ দিন L ৫৬ দিন M ৬৬ দিন N ৭৬ দিন

**২২. উর্দুকে রাষ্ট্রভাষা করার সিদ্ধান্ত গৃহীত হয় কোন সম্মেলনে?**
K ঢাকা L লাহোর M করাচি N দিল্লি

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
সাইফুল ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৬/৭ জন চেয়ারম্যান প্রার্থী মিলে একটি জোট গঠন করেন। কিন্তু তারা বিপরীত প্রার্থীর নির্বাচনি প্রচারণার বিপক্ষে পরাজয় বরণ করেন।

**২৩. অনুচ্ছেদটিতে ইতিহাসের কোন নির্বাচনকে বুঝানো হয়েছে?**
K ১৯৬২-এর নির্বাচন L ১৯৬৪-এর নির্বাচন
M ১৯৬৬-এর নির্বাচন N ১৯৭০-এর নির্বাচন

**২৪. অনুচ্ছেদে উল্লিখিত জোটের অন্তর্ভুক্ত–**
i. নেজামে ইসলাম ii. আওয়ামী লীগ iii. কনভেনশন লীগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. কার লেখায় 'বাংলা' নামের উল্লেখ পাওয়া যায়?**
K টলেমি L জিয়াউদ্দিন বারানি
M উইলিয়াম কেরি N হিউয়েন সাং

**২৬. ভারত বাংলাদেশকে মুক্তিযুদ্ধে সাহায্য করে–**
i. শরণার্থীদের আশ্রয় দিয়ে ii. খাদ্য দিয়ে iii. প্রশিক্ষণ দিয়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে?**
K ১৯৭৪ L ১৯৭৬
M ১৯৭৫ N ১৯৭৭

**২৮. বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূলকথা হলো–**
i. শান্তিপূর্ণ সহাবস্থান
ii. সবার সাথে বন্ধুত্ব
iii. সবাইকে মেনে নেওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৯. সার্ক প্রতিষ্ঠিত হয় কত খ্রিষ্টাব্দে?**
K ১৯৮২ L ১৯৮৩ M ১৯৮৪ N ১৯৮৫

**৩০. ১৯৮৬ খ্রিষ্টাব্দে মোট কতটি আসনে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়?**
K ২২০টি L ২৫০টি M ৩০০টি N ৩৩০টি

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | 1 | | 2 | | 3 | | 4 | | 5 | | 6 | | 7 | | 8 | | 9 | | 10 | | 11 | | 12 | | 13 | | 14 | | 15 | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 16 | | 17 | | 18 | | 19 | | 20 | | 21 | | 22 | | 23 | | 24 | | 25 | | 26 | | 27 | | 28 | | 29 | | 30 | |

# সেন্ট স্কলাসটিকাস গার্লস হাই স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : সৃজনশীল প্রশ্ন** মান : ৭০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. (ক) ফো-কুয়োকি, মহাভারত, রামচরিত, সন্ধিচুক্তি।
(খ) সন-তারিখ, মৃৎপাত্র, স্মৃতিস্তম্ভ, মহাস্থানগড়।

ক. ইৎসিং কোন দেশের পরিব্রাজক? ১
খ. ইতিহাস, জ্ঞান ও আত্মমর্যাদা বৃদ্ধি করে'– ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'খ' গুচ্ছ ইতিহাসের কোন উপাদানকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "একটি জাতির পূর্ণাঙ্গ ইতিহাস জানার জন্য উদ্দীপকে 'ক' ও 'খ' উভয় উপাদানই প্রয়োজন"- মতামত দাও। ৪

২. রুহি জাদুঘরে প্রাচীন স্থাপত্য দেখে মুগ্ধ হয়। এ স্থাপত্য বিষয়ে পরবর্তীতে বিশদ জানতে গেলে, সে জানতে পারে– যে সময়ে স্থাপত্যগুলো তৈরি হয়েছিল, তখনকার রাজারা মৃত্যুর পর তাদের দেহকে তাজা রাখার জন্য বিশেষ প্রক্রিয়ার মাধ্যমে সংরক্ষণ করতে ঐ ধরনের স্থাপত্য নির্মাণ করত।

ক. পুরোপলীয় যুগ কাকে বলে? ১
খ. মানবসভ্যতা শুরু হয় কীভাবে? ২
গ. উদ্দীপকে রুহির দেখা স্থাপত্য কোন সভ্যতার পরিচায়ক? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উক্ত সভ্যতার অন্যতম আবিষ্কার ছিল লিখন পদ্ধতি"– বিশ্লেষণ করো। ৪

৩. স্বাধীন গৌড় রাষ্ট্রের প্রতিষ্ঠাতা ছিলেন গুপ্ত রাজা মহাসেন গুপ্তের একজন মহাসামন্ত। একজন চৈনিক পরিব্রাজক তাকে বৌদ্ধধর্ম বিদ্বেষী বলে আখ্যায়িত করেন। প্রাচীন বাংলার ইতিহাসে তিনিই প্রথম গুরুত্বপূর্ণ সার্বভৌম শাসক।

ক. ব্রহ্মক্ষত্রিয় কাদের বলা হতো? ১
খ. ধর্মপালকে পাল বংশের শ্রেষ্ঠ রাজা বলা হতো কেন? ২
গ. উদ্দীপকে কোন রাজার কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "প্রাচীন বাংলার ইতিহাসে তিনিই প্রথম গুরুত্বপূর্ণ সার্বভৌম শাসক"- উক্তিটির যথার্থতা নিরূপণ করো? ৪

৪. বাংলা চিরকালই কৃষিপ্রধান দেশ। একসময় কুটির শিল্প অত্যন্ত সমৃদ্ধ ছিল। কৃষি ও শিল্পদ্রব্যের প্রাচুর্য ছিল। শিল্পের উন্নতির সাথে সাথে বাণিজ্যেও যথেষ্ট প্রসার লাভ করেছিল

ক. বাংলাদেশে স্থাপত্যের সবচেয়ে প্রাচীন নিদর্শন কী? ১
খ. কীভাবে বাংলা ভাষার উৎপত্তি হয়? ২
গ. উদ্দীপকে বর্ণিত তথ্যে বাংলার কোন যুগের অর্থনৈতিক অবস্থার চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "শিল্প ও বাণিজ্য প্রসারের ফলে বাংলার বিভিন্ন স্থানে বাণিজ্য বন্দর গড়ে ওঠে"– বিশ্লেষণ করো। ৪

৫. মধ্যযুগের বাংলার একজন শাসক দক্ষতার সাথে তার শাসনকার্য পরিচালনা করেন। তাঁর আমলে টাকায় আট মণ চাল পাওয়া যেত। স্থাপত্য শিল্পের বিকাশের জন্য উক্ত শাসকের যুগকে বাংলায় মুঘলদের স্বর্ণযুগ হিসেবে অভিহিত করা যায়।

ক. মুর্শিদকুলি খান বাংলার ক্ষমতায় আসেন কত সালে? ১
খ. গিয়াসউদ্দীন ইওজ খলজি নৌ বাহিনী গড়ে তুলেছিলেন কেন? ২
গ. উদ্দীপকে কার শাসনামলের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উক্ত শাসকের যুগকে বাংলায় মুঘলদের স্বর্ণযুগ হিসেবে অভিহিত করা যায়"।– মতামত দাও। ৪

৬. মরিয়ম ও ফাতেমা দুই বান্ধবী। মরিয়মের বাড়ি বগুড়া ও ফাতেমার বাড়ি ফরিদপুরে। মরিয়ম বলে, তার বাড়ি প্রাচীন যে জনপদে অবস্থিত, তা ছিল প্রাচীন বাংলার সবচেয়ে সমৃদ্ধ জনপদ"।

ক. চন্দ্রদ্বীপের মূল ভূখন্ড ও প্রাণকেন্দ্র কোন জেলায়? ১
খ. বাংলাদেশের মানুষ সংগ্রামী কেন? ২
গ. ফাতেমার বাড়ি প্রাচীন যে জনপদে অবস্থিত তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. 'মরিয়মের বাড়ির অবস্থান প্রাচীন সবচেয়ে সমৃদ্ধ জনপদে'- মতামত দাও। ৪

৭.

| | | |
|---|---|---|
| জাতীয় স্বাস্থ্য নীতিমালা-২০১১<br>জাতীয় নারী-উন্নয়ন নীতিমালা-২০১১<br>ডিজিটাল বাংলাদেশ গঠন | → | ? |

ক. পদ্মা সেতুর দৈর্ঘ্য কত? ১
খ. সেনাবাহিনীতে চেইন অব কমান্ড ভেঙে পড়েছিল কেন? ২
গ. উদ্দীপকের '?' চিহ্নটি কোন সরকারের শাসনামলকে ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "ডিজিটাল বাংলাদেশ গঠনে উক্ত শাসকের অবদান অনস্বীকার্য"- মতামত দাও। ৪

৮. ১১টি ভাগ-১৫৩টি অনুচ্ছেদ-৪টি তপশিল-?

ক. স্বাধীন বাংলাদেশের প্রথম সাধরণ নির্বাচন অনুষ্ঠিত হয় কখন? ১
খ. কৃষি উন্নয়নে বঙ্গবন্ধু কী পদক্ষেপ গ্রহণ করেছিলেন? ২
গ. উদ্দীপকের প্রশ্নবোধক চিহ্নটি কোন বিষয়টি নির্দেশ করে? বিষয়টির পটভূমি ব্যাখ্যা করো। ৩
ঘ. "উক্ত বিষয়ের বৈশিষ্ট্য একটি দেশের জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন"- মতামত দাও। ৪

৯. ভাষা আন্দোলন বাঙালির প্রথম স্বতঃস্ফূর্ত আন্দোলন। এই আন্দোলনই রাজনৈতিক প্রতিবাদের ভাষা শেখায়। এ আন্দোলনে সফল হয়ে বাঙালি সাহসী হয়ে ওঠে। ভাষা আন্দোলনের সফলতার প্রেরণায় বাঙালি স্বাধীনতা লাভ করে।

ক. কত সালের সংবিধানে বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদা দেওয়া হয়? ১
খ. তমদ্দুন মজলিশ কেন গঠিত হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত আন্দোলনে নারীদের ভূমিকা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উক্ত আন্দোলনের সফলতার প্রেরণায় বাঙালি স্বাধীনতা লাভ করে"– বিশ্লেষণ করো। ৪

১০. আমেরিকার স্বনামধন্য প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন গেটিসবার্গ পার্কে জাতির উদ্দেশ্যে একটি ভাষণ দিয়েছিলেন। তিনি মুক্তিকামী মানুষের মুক্তি এবং জাতিকে একত্রিত ও সুসংঘবদ্ধ করার জন্য এ ভাষণ দিয়েছিলেন। এ ভাষণটি জাতিসংঘের UNESCO ওয়ার্ল্ড মেমোরি বইতে লিপিবদ্ধ রয়েছে।

ক. মুজিবনগর সরকারের চিফ অব স্টাফ কে ছিলেন? ১
খ. জাতীয় স্মৃতিসৌধ নির্মিত হয় কেন? ২
গ. উদ্দীপকে কোন মহান নেতার ভাষণের প্রতিচ্ছবি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উক্ত আপসহীন নেতার বলিষ্ঠ নেতৃত্বে আমরা স্বাধীনতা পেয়েছি"– মূল্যায়ন করো। ৪

১১. একটি রাষ্ট্রের দুটি প্রদেশ। ক প্রদেশের জনগণ 'খ' প্রদেশের শাসকদের দ্বারা শোষিত ও বঞ্চিত। এভাবে বঞ্চনার ফলে একসময় 'ক' প্রদেশের জনগণকে নিয়ে তাদের শীর্ষ নেতা বৈষম্য নিরসনের লক্ষ্যে দাবি পেশ করলে তা প্রত্যাখ্যাত হয়।

ক. COP এর পূর্ণরূপ কী? ১
খ. মৌলিক গণতন্ত্র কাকে বলে? ২
গ. উদ্দীপকে কোন দাবিগুলোর ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উক্ত দাবিগুলোই ছিল বাঙালি জাতির মুক্তির সনদ"। বিশ্লেষণ করো। ৪

## মডেল টেস্ট- ০৮

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (সেট বকুল)

সময় : ৩০ মিনিট **বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : বহুনির্বাচনি অভীক্ষা** মান : ৩০

[**দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

**১. "ইতিহাস বর্তমান ও অতীতের মধ্যে অন্তহীন সংলাপ"– উক্তিটি কার?**
K ই.এইচ.কার L টয়েনবি M লিওপোল্ড ফন্ র‍্যাংক N র‍্যাপসন

**২. ইতিহাস পাঠ করলে–**
i. আত্মবিশ্বাসী হতে সাহায্য করে ii. দার্শনিক দৃষ্টিভঙ্গি তৈরিতে সাহায্য করে
iii. জাতীয়তাবোধ সুদৃঢ় হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
আসাদ স্যার ভূগোল ক্লাসে বাংলা সৌরপঞ্জিকা আবিষ্কারের ইতিহাস আলোচনার এক পর্যায়ে বলেন, প্রাচীন যুগে একটি সভ্যতা প্রথম সৌরপঞ্জিকা আবিষ্কার করেন।

**৩. প্রাচীন যুগে কোন সভ্যতা প্রথম সৌরপঞ্জিকা আবিষ্কার করেন?**
K মিশরীয় L সিন্ধু M রোমান N গ্রিক

**৪. উক্ত সভ্যতার অবদান ছিল?**
i. জলঘড়ি আবিষ্কার ii. পরিমাপ পদ্ধতির আবিষ্কার iii. প্রথম মমি তৈরি করেছিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. ময়নামতি কোথায় অবস্থিত?**
K হরিকেল L সমতট M পুণ্ড্র N বঙ্গ

**৬. নৌ-বাণিজ্যের কেন্দ্র হিসেবে পরিচিত ছিল কোন জনপদ?**
K বরেন্দ্র L তাম্রলিপ্ত M হরিকেল N চন্দ্রদ্বীপ

**৭. দেবপাল রাজধানী কোথায় স্থাপন করেন?**
K মুঙ্গের L বিজয়পুর M দেবপর্বত N কর্মান্ত-বাসক

**৮. বিজয় সেনের ধর্ম ছিল?**
K বৌদ্ধ L হিন্দু M শৈব N বৈদিক

**৯. খলজি মালিকদের অন্তর্দ্বন্দ্ব কী প্রকাশ করে?**
K স্বাধীনতার জন্য সংগ্রাম L ন্যায়ের শাসন প্রতিষ্ঠা
M দীর্ঘমেয়াদি শাসন প্রতিষ্ঠা N শাসনব্যবস্থার বিশৃঙ্খলা

**১০. আলাউদ্দিন হুসেন শাহ রাজধানী স্থানান্তর করেন কেন?**
K শাসনব্যবস্থা মজবুত করতে L সুনাম বৃদ্ধির জন্য
M বাণিজ্যিক সুবিধার জন্যে N রাজ্য বিস্তারের জন্য

**১১. 'রাগমালা' কাব্য কে রচনা করেন?**
K কবি শাহ মুহাম্মদ সগীর L কবি জয়নুদ্দীন
M কবি মোজাম্মেল N কবি ফয়জুল্লাহ

**১২. 'কদম রসুল' নির্মিত হয় কখন?**
K ১৪৮৩ খ্রিষ্টাব্দে L ১৫২৭ খ্রিষ্টাব্দে
M ১৫৩১ খ্রিষ্টাব্দে N ১৬৩৩ খ্রিষ্টাব্দে

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
জনাব সাবির বীজগণিতের অগাধ পণ্ডিত ছিলেন। তিনি তাঁর সমুদয় অর্থ শিক্ষা ও চিকিৎসার জন্য ব্যয় করেন।

**১৩. জনাব সাবিরের মধ্যে কার চারিত্রিক বৈশিষ্ট্য বিদ্যমান?**
K হাজী শরীয়তুল্লাহ L হাজী মুহম্মদ মহসীন
M ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর N বেগম রোকেয়া

**১৪. 'নীলদর্পণ' নাটকের লেখক কে?**
K দিগম্বর বিশ্বাস L বৈদ্যনাথ বিশ্বাস M বিশ্বনাথ সর্দার N দীনবন্ধু মিত্র

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
জীবন সাহেব তার এলাকার সমস্যা সমাধানের জন্য কোনো শক্তি প্রয়োগ না করে আলাপ-আলোচনাকে মাধ্যম হিসেবে ব্যবহার করেন।

**১৫. জীবন সাহেবের নীতিটি তোমার পাঠ্যপুস্তকের কোন নীতির সাথে সম্পর্কযুক্ত?**
K সাম্প্রদায়িক L অসাম্প্রদায়িক
M বসু-সোহরাওয়ার্দী N অহিংস আন্দোলন

**১৬. উক্ত ঘটনার ফলে–**
i. হিন্দু-মুসলমান ঐক্যবদ্ধ হয় ii. সর্ব-ভারতীয় গণআন্দোলনে রূপ নেয়
iii. সরকারের দমননীতি বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. 'ভারত ছাড়' আন্দোলনের ডাক দেন কে?**
K চিত্তরঞ্জন দাস L রামেজ ম্যাকডোনাল্ড
M মোহাম্মদ আলী জিন্নাহ N মহাত্মা গান্ধী

**১৮. পাকিস্তান সেনাবাহিনীর মূল লক্ষ্য কী ছিল?**
K রাজনীতিকে ধ্বংস করা
L ভূখণ্ডের মানুষদের হত্যা করে জমির দখল নেওয়া
M শিক্ষাপ্রতিষ্ঠান ধ্বংস করা
N সম্পত্তি লুট করা

**১৯. 'বাষট্টির শিক্ষা আন্দোলন' কেন হয়?**
K ছাত্রদের ওপর কঠোর দমননীতি L পূর্ব পাকিস্তানের নিরাপত্তার জন্যে
M বৈষম্যের এক বলিষ্ঠ প্রতিবাদ N ছাত্রদের ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা

**২০. 'মৌলিক গণতন্ত্র' প্রবর্তন আদেশ জারি করে কত সালে?**
K ১৯৫৯ L ১৯৬২ M ১৯৬৬ N ১৯৬৯

**২১. পূর্ব পাকিস্তানের জনগণ অর্থনৈতিক ক্ষেত্রে ভয়াবহ বৈষম্যের শিকার হয়েছিল কেন?**
K বাজেটের অর্ধভাগ বহন করত পূর্ব পাকিস্তান
L আঞ্চলিক সরকারের হাতে মুদ্রা ব্যবস্থার নিয়ন্ত্রণ ছিল
M উদ্বৃত্ত অর্থ পূর্ব পাকিস্তানের নিয়ন্ত্রণে ছিল
N পূর্ব পাকিস্তানে মূলধন গড়ে ওঠেনি

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
বঙ্গবন্ধু → এম এ হান্নান → কালুরঘাট বেতার কেন্দ্র

**২২. উপরিউক্ত উদ্দীপকটি কোন ঘটনার সাথে সম্পৃক্ত?**
K স্বাধীনতার ঘোষণা L মুজিবনগরের শপথ
M গণহত্যার প্রতিবাদ N অবরুদ্ধ বাংলাদেশ

**২৩. উক্ত ঘটনার ফলে–**
i. মুক্তিযুদ্ধ শুরু হয় ii. স্বাধীনতাকামী জনগণ উজ্জীবিত হয়
iii. দেশে প্রথম সামরিক আইন জারি হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. বাংলাদেশে বিদেশি দূতাবাসগুলোর সরকারি অনুষ্ঠানে জাতীয় সংগীত কত লাইন পরিবেশিত হবে?**
K প্রথম ৪ লাইন L প্রথম ৬ লাইন M প্রথম ৮ লাইন N প্রথম ১০ লাইন

**২৫. রাষ্ট্রপতি আবদুস সাত্তারকে ক্ষমতাচ্যুত করেন কে?**
K বিচারপতি শাহাবুদ্দিন আহমদ L জেনারেল এরশাদ
M জেনারেল জিয়াউর রহমান N বিচাপতি এম এম রুহুল আমীন

**২৬. প্রথম স্যাটেলাইট 'বঙ্গবন্ধু-১' মহাকাশে উৎক্ষেপণ করা হয় কেন?**
K মহাকাশ জয়ের জন্যে L সাহস ও সক্ষমতার জন্যে
M বহির্বিশ্বের সুনাম কুড়ানোর জন্য N সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে

**২৭. 'জাতীয় শিশু নীতি ২০১১'-এর মধ্যমে সুরক্ষিত হয়েছে–**
K শিক্ষার্থীদের উপবৃত্তি কার্যক্রম L শিশুদের সার্বিক অধিকার
M জীবনের সবকিছু অনলাইনে সম্পাদন N শিক্ষার উন্নয়ন

**২৮. প্রাচীনকালে পূর্ববঙ্গের মানুষের খাওয়া-দাওয়া শেষে কী খাওযার রীতি ছিল?**
K ইক্ষুরস L মসলাযুক্ত পান M দুধ ও ক্ষীর N কলা ও পেঁপে

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও :**



**২৯. চিত্রের বিহারটি–**
K শালবন বিহার L সোমপুর বিহার M জগদ্দল বিহার N দেবীকোট বিহার

**৩০. মানসিংহ দ্বিতীয়বারের মতো বাংলায় আসেন কত সালে?**
K ১৫৯৯ L ১৬০১ M ১৬০৩ N ১৬১০

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | 1 | | 2 | | 3 | | 4 | | 5 | | 6 | | 7 | | 8 | | 9 | | 10 | | 11 | | 12 | | 13 | | 14 | | 15 | |
| | 16 | | 17 | | 18 | | 19 | | 20 | | 21 | | 22 | | 23 | | 24 | | 25 | | 26 | | 27 | | 28 | | 29 | | 30 | |

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (সেট বরেন্দ্র)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : সৃজনশীল প্রশ্ন** মান : ৭০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ঐশী পার্শ্ববর্তী দেশ ভারতের কলকাতায় ভিক্টোরিয়া মেমোরিয়াল পার্ক দেখতে যায়। সেখানে বিভিন্ন যুগের জিনিসপত্র যেমন- রাজা রামমোহন রায়ের ব্যবহৃত লাঠি, পাগড়ি, টিপু সুলতানের ব্যবহৃত তরবারি, সিপাহি বিপ্লবের বন্দুক প্রভৃতি দেখে অভিভূত হয়। পরে সে কলকাতার মিউজিয়ামের একটি কক্ষে বিভিন্ন সময়ের ফরমান, সন্ধি, চুক্তিপত্র, দস্তকের অনুলিপি দেখে।

ক. সাম্প্রতিক ইতিহাস কী? ১
খ. ইতিহাসকে শিক্ষাণীয় দর্পণ বলা হয় কেন? ২
গ. ঐশীর দেখা জিনিসপত্র ইতিহাসের কোন ধরনের উপাদান? ব্যাখ্যা করো। ৩
ঘ. ইতিহাস রচনায় উদ্দীপকের শেষাংশের উপাদানের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

২.



চিত্র-১



চিত্র-২

ক. ইজিয়ান সভ্যতা কী? ১
খ. সিন্ধু সভ্যতাকে নগর সভ্যতা বলা হয় কেন? ২
গ. চিত্র-১ কোন সভ্যতার লিখন পদ্ধতি? ব্যাখ্যা করো। ৩
ঘ. চিত্র-২ এ নির্দেশিত সভ্যতাটিতে আইনের ক্ষেত্রে উৎকর্ষ সাধিত হয়েছিল-বিশ্লেষণ করো। ৪

৩. সামাদ সাহেব শ্রেণিকক্ষে প্রাচীন বাংলার একটি রাজবংশ নিয়ে আলোচনা করেন। উক্ত রাজবংশের প্রতিষ্ঠাতা বাংলায় অরাজকতা থেকে মুক্ত করে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা করেন। তার পুত্রের শাসনামলে বাংলা-বিহার জয় করেন এবং সেই সময় নির্মিত একটি বিহার বিশ্বসভ্যতার নিদর্শন হিসেবে ওয়ার্ল্ড হেরিটেজ স্বীকৃত হয়েছে।

ক. 'উপরিক' কী? ১
খ. সেনদেরকে ব্রহ্মক্ষত্রিয় বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে সামাদ সাহেবের ইঙ্গিতকৃত রাজবংশের প্রতিষ্ঠাতার সিংহাসন আরোহণের প্রেক্ষাপট বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত রাজবংশের প্রতিষ্ঠাতার পুত্রই ছিল শ্রেষ্ঠ শাসক-বিশ্লেষণ করো। ৪

৪. দুটি হোটেলের খাদ্যতালিকা ছিল নিম্নরূপ:

| হোটেল সাদিয়া | হোটেল তিয়া |
|---|---|
| ভাত | ভাত |
| মাছ | মাছ |
| মাংস | কাবাব |
| ক্ষীর | রেজালা |
| শুঁটকি মাছ | রুটি |
| রকমারি পান | খিচুড়ি |

ক. সতীদাহ প্রথা কী? ১
খ. কীভাবে বাংলা ভাষার সৃষ্টি হয়েছে? ২
গ. হোটেল সাদিয়ার খাবারগুলো কোন যুগের প্রতিনিধিত্ব করে? উক্ত যুগের পরিচ্ছদ বর্ণনা করো। ৩
ঘ. হোটেল সাদিয়া ও তিয়ার খাদ্য তালিকা পাঠ্যপুস্তকের আলোকে তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৫.

| | |
|---|---|
| তথ্য-১ | ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র |
| তথ্য-২ | ইউসুফ-জুলেখা, রসুল বিজয়, চৈতন্য-ভগবত |

ক. কদম রসুল কী? ১
খ. কৃষিকে বাংলার অর্থনীতির সমৃদ্ধির মূল উৎস বলা হতো কেন? ২
গ. তথ্য-১ এ মধ্যযুগের কোন সমাজের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তথ্য-২ এ নির্দেশিত বিষয়ে সুলতানি যুগের শাসকদের অবদান বিশ্লেষণ করো। ৪

৬. দৃশ্য-১: নুরজাহান টিভিতে দেখলো যে, একজন বীরযোদ্ধা সৈন্য-সহ জঙ্গালের ভিতর দিয়ে অগ্রসর হচ্ছেন। পথিমধ্যে তিনি একটি অঞ্চল জয় করেন। এরপর তিনি গন্তব্যে পৌঁছান এবং বিনা বাধায় তা জয় করেন। তখন থেকে একটি নতুন যুগের সূচনা হয়।

দৃশ্য-২: সাব্বির সাহেব কক্সবাজারে কোস্টগার্ডের অফিসার হিসেবে কর্মরত। তিনি দেখলেন যে, রোহিঙ্গারা দ্রুতগামী নৌযান দিয়ে মাদক পাচার করছে। তাদের ধরতে গেলে তারা মিয়ানমারে পালিয়ে যায়। তিনি মাদক কারবারিদের আটক করতে সরকারের কাছে দ্রুতগামী নৌযান চাইলেন।

ক. 'সুবা' কী? ১
খ. সৈয়দ হুসেন শাহ কীভাবে বাংলার ক্ষমতায় আসেন? ২
গ. দৃশ্য-১ কোন বিজেতার প্রতি ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্য- ২ সাব্বির সাহেব হলেন সুলতান গিয়াস উদ্দিন ইওজ খলজির প্রতিচ্ছবি– বিশ্লেষণ করো। ৪


৭. দৃশ্য-১: ১৮শ শতকে ইউরোপীয়রা আফ্রিকায় যায় এবং কুঠি স্থাপন করে ব্যবসা শুরু করে। কালক্রমে তারা স্থানীয়দের শাসকদের বিরুদ্ধে ক্ষেপিয়ে তোলে এবং শাসকের আত্মীয়স্বজনের বিশ্বাসঘাতকতার কারণে তার শোচনীয় পরাজয় ঘটে।

দৃশ্য-২: শফিক সাহেব একজন শিল্পপতি। তিনি তার দুই ছেলেকে কোম্পানি দেখাশোনার দায়িত্ব দিলেন। তার মধ্যে ছোটো ছেলে অর্থনৈতিক এবং বড়ো ছেলে প্রশাসনিক দায়িত্ব নিলেন। পরে সমন্বয়হীনতার কারণে কোম্পানিতে বিপর্যয় নেমে আসে।

ক. অন্ধকূপ হত্যা কী? ১
খ. কীভাবে কলকাতা-নগরী গড়ে ওঠে? ২
গ. দৃশ্য-১ তোমার পাঠ্যপুস্তকের কোন ঘটনার সাথে মিল আছে? উক্ত ঘটনার কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্য-২ হলো দ্বৈত শাসনের অনুরূপ বিশ্লেষণ করো। ৪

৮. দৃশ্য-১: ১৮৫৫ সালের ৩০ জুন ভাগলপুরের ভাগনা ডিহি গ্রামে ১০,০০০ সাঁওতালের এক গণজমায়েত শুরু হয়। এই সময় কানু মুরমু ও সিন্ধু মুরমুর নেতৃত্বে জমিদার ও ব্রিটিশ সরকারের বিরুদ্ধে সাঁওতালরা বিদ্রোহ করেন। তারা তীর-ধনুক, বল্লম, লাঠি, তলোয়ার, প্রভৃতি নিয়ে অগ্রসর হন। ব্রিটিশ সরকারের নির্দেশে সুদক্ষ সেনাবাহিনীর সামনে তারা বেশিক্ষণ টিকতে পারলো না, শহিদ হলেন কানু মুরমু ও সিধু মুরমু।

দৃশ্য-২:




ক. ফরায়েজি আন্দোলন কী? ১

খ. শিক্ষা বিস্তারে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান লেখো। ২

গ. দৃশ্য-১ এর ঘটনাটি তোমার পাঠ্যপুস্তকের কোন ঘটনার সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্য ২-এ '?' চিহ্নিত স্থানের ব্যক্তি সমাজ সংস্কারে স্মরণীয় হয়ে আছেন-বিশ্লেষণ করো। ৪

৯. দৃশ্য-১: ১. সূর্যসেন ২. প্রীতিলতা ওয়াদ্দেদার ৩. কল্পনা দত্ত ৪, বাঘা যতীন।

দৃশ্য-২: শিল্পপতি রহমান সাহেব গ্রুপ অব কোম্পানির মালিক। শ্রমিকদের দাবি-দাওয়ার জন্য তিনি বিরক্ত। একটি কোম্পানিতে ধর্মঘট হলে অন্যরাও ধর্মঘট শুরু করে। সর্বশেষে রহমান সাহেব কর্মীদের অর্ধেক রেখে বাকি অর্ধেককে কারখানায় বদলি করেন। যার ফলে আন্দোলন কিছু দুর্বল হয়ে যায়।

ক. এনফিল্ড রাইফেল কী? ১

খ. জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্য-১-এর ব্যক্তিরা কোন আন্দোলনের সাথে সম্পৃক্ত? এ আন্দোলন ব্যর্থ হয়েছিল কেন? ৩

ঘ. দৃশ্য-২- এর ঘটনাটি বঙ্গভঙ্গের যে কারণের সাথে সম্পৃক্ত তা বিশ্লেষণ করো। ৪

১০. প্রায় ১০০০ মাইলের ব্যবধানে ধর্মের ভিত্তিতে 'ক' ও 'খ' নামক দুটি ভূ-খণ্ড নিয়ে একটি রাষ্ট্রের জন্ম হয়। শুরু থেকেই 'ক' অঞ্চল 'খ' অঞ্চলের জনগণকে নানাভাবে বঞ্চিত করতে থাকে। একই কাজে নিয়োজিত দুই অঞ্চলের শ্রমিকদের দুই রকম বেতন। কর্মকর্তা ও কর্মচারীদের বেতন 'ক' ও 'খ' অঞ্চলে বৈষম্য বিদ্যমান। অপরদিকে 'খ' অঞ্চলের জনপ্রিয় নেতাদের মিথ্যা অপবাদ ও মামলা দিয়ে নিষ্ক্রিয় করে রাখার চিন্তা করা হয়। এমতাবস্থায় এক তুমুল জনপ্রিয় নেতাকে মিথ্যা মামলার প্রতিবাদে 'খ' অঞ্চলের লোকজন গণবিক্ষোভে ফেটে পড়ে এবং তাকে নিঃশর্ত মুক্তি দিতে বাধ্য হয়।

ক. আগরতলা মামলার সরকারি নাম কী? ১

খ. ছয় দফাকে মুক্তির সনদ বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের প্রথম অংশের সাথে পশ্চিম পাকিস্তানিদের কোন বৈষম্য নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ২য় অংশ ১৯৬৯-এর গণঅভ্যুত্থান নির্দেশ করে- বিশ্লেষণ করো। ৪

১১.

| তথ্য-১ | অঞ্চল | জাতীয় পরিষদ | প্রাদেশিক পরিষদ |
|---|---|---|---|
| | ক | ১৬৯ | ৩১০ |
| | খ | ১৪৪ | ৩১১ |
| তথ্য-২ | | সরকার গঠন | ১০ এপ্রিল ১৯৭২ |
| | | শপথ গ্রহণ | ১৭ এপ্রিল ১৯৭২ |
| | | সরকারের সদর দফতর | কলকাতা |

ক. 'অপারেশন সার্চলাইট' কী? ১

খ. যৌথ কমান্ড গঠিত হয়েছিল কেন? ২

গ. তথ্য-১ কোন নির্বাচনের ইঙ্গিত করে? উক্ত নির্বাচনের ফলাফল ব্যাখ্যা কর। ৩

ঘ. তথ্য-২- এ উল্লিখিত সরকারই বাংলাদেশের পক্ষে বিশ্ব জনমত সৃষ্টিতে অগ্রণী ভূমিকা পালন করে-বিশ্লেষণ কর। ৪

# উত্তরমালা

## ■ মডেল টেস্ট-০১ : ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | M | ২ | M | ৩ | N | ৪ | N | ৫ | L | ৬ | N | ৭ | L | ৮ | M | ৯ | N | ১০ | N | ১১ | L | ১২ | N | ১৩ | N | ১৪ | K | ১৫ | M |
| | ১৬ | K | ১৭ | N | ১৮ | K | ১৯ | L | ২০ | N | ২১ | K | ২২ | N | ২৩ | M | ২৪ | N | ২৫ | N | ২৬ | K | ২৭ | N | ২৮ | N | ২৯ | N | ৩০ | M |

## ■ মডেল টেস্ট-০২ : বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | M | ২ | N | ৩ | L | ৪ | L | ৫ | L | ৬ | M | ৭ | N | ৮ | N | ৯ | M | ১০ | M | ১১ | N | ১২ | N | ১৩ | L | ১৪ | K | ১৫ | K |
| | ১৬ | N | ১৭ | N | ১৮ | N | ১৯ | K | ২০ | K | ২১ | M | ২২ | N | ২৩ | L | ২৪ | L | ২৫ | M | ২৬ | L | ২৭ | N | ২৮ | N | ২৯ | L | ৩০ | N |

## ■ মডেল টেস্ট-০৩ : নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | K | ২ | K | ৩ | M | ৪ | K | ৫ | N | ৬ | L | ৭ | M | ৮ | N | ৯ | L | ১০ | L | ১১ | M | ১২ | K | ১৩ | K | ১৪ | L | ১৫ | K |
| | ১৬ | K | ১৭ | M | ১৮ | K | ১৯ | M | ২০ | N | ২১ | L | ২২ | M | ২৩ | K | ২৪ | N | ২৫ | M | ২৬ | K | ২৭ | N | ২৮ | N | ২৯ | K | ৩০ | N |

## ■ মডেল টেস্ট-০৪ : লায়ন্স স্কুল এন্ড কলেজ, রংপুর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | L | ২ | L | ৩ | M | ৪ | K | ৫ | M | ৬ | N | ৭ | L | ৮ | K | ৯ | L | ১০ | K | ১১ | K | ১২ | N | ১৩ | M | ১৪ | K | ১৫ | L |
| | ১৬ | L | ১৭ | L | ১৮ | K | ১৯ | K | ২০ | K | ২১ | M | ২২ | K | ২৩ | N | ২৪ | K | ২৫ | K | ২৬ | K | ২৭ | K | ২৮ | N | ২৯ | K | ৩০ | N |

## ■ মডেল টেস্ট-০৫ : বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | M | ২ | K | ৩ | M | ৪ | L | ৫ | N | ৬ | L | ৭ | L | ৮ | K | ৯ | N | ১০ | N | ১১ | L | ১২ | L | ১৩ | L | ১৪ | L | ১৫ | K |
| | ১৬ | N | ১৭ | N | ১৮ | K | ১৯ | N | ২০ | N | ২১ | L | ২২ | K | ২৩ | L | ২৪ | M | ২৫ | N | ২৬ | M | ২৭ | N | ২৮ | L | ২৯ | M | ৩০ | K |

## ■ মডেল টেস্ট-০৬ : সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | N | ২ | M | ৩ | N | ৪ | K | ৫ | L | ৬ | L | ৭ | K | ৮ | N | ৯ | L | ১০ | M | ১১ | K | ১২ | K | ১৩ | N | ১৪ | M | ১৫ | K |
| | ১৬ | M | ১৭ | N | ১৮ | M | ১৯ | L | ২০ | N | ২১ | N | ২২ | L | ২৩ | K | ২৪ | L | ২৫ | L | ২৬ | N | ২৭ | K | ২৮ | L | ২৯ | K | ৩০ | M |

## ■ মডেল টেস্ট-০৭ : বরগুনা জিলা স্কুল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | M | ২ | M | ৩ | L | ৪ | K | ৫ | M | ৬ | N | ৭ | M | ৮ | K | ৯ | L | ১০ | K | ১১ | K | ১২ | K | ১৩ | N | ১৪ | * | ১৫ | N |
| | ১৬ | K | ১৭ | L | ১৮ | L | ১৯ | K | ২০ | K | ২১ | L | ২২ | M | ২৩ | * | ২৪ | K | ২৫ | K | ২৬ | N | ২৭ | K | ২৮ | K | ২৯ | N | ৩০ | M |

১৪. * বাংলাদেশের প্রাচীন মসজিদ স্থাপত্যের অন্যতম নিদর্শন বাগেরহাট জেলার ষাট গম্বুজ মসজিদ। পনেরো শতকের মাঝামাঝি সময়ে তুর্কি সেনাপতি ও ইসলাম প্রচারক উলুখ খান জাহান এ মসজিদ নির্মাণ করেন। এই মসজিদের গম্বুজ সংখ্যা ৭৭টি। সঠিক উত্তরটি প্রশ্নের অপশনে নেই।

২৩. * সঠিক উত্তর হবে ১৯৬৫ সালের নির্বাচন। সঠিক উত্তরটি প্রশ্নের অপশনে নেই।

## ■ মডেল টেস্ট-০৮ : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (সেট বকুল)

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | K | ২ | N | ৩ | K | ৪ | L | ৫ | L | ৬ | L | ৭ | K | ৮ | M | ৯ | N | ১০ | K | ১১ | N | ১২ | M | ১৩ | L | ১৪ | N | ১৫ | N |
| | ১৬ | N | ১৭ | N | ১৮ | L | ১৯ | N | ২০ | K | ২১ | K | ২২ | K | ২৩ | K | ২৪ | K | ২৫ | L | ২৬ | K | ২৭ | L | ২৮ | L | ২৯ | K | ৩০ | L |